



নির্মাণ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রস্তুতির নির্দেশিকা
(Guideline for CONSTRUCTION MANAGEMENT PLAN-CMP)

অনলাইন সংস্করণ – V1

গণপূর্ত অধিদপ্তর

এপ্রিল, ২০২৬



নির্মাণ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রস্তুতির নির্দেশিকা
(Guideline for CONSTRUCTION MANAGEMENT PLAN-CMP)

অনলাইন সংস্করণ – V1

গণপূর্ত অধিদপ্তর

এপ্রিল, ২০২৬



গণপূর্ত অধিদপ্তর বাংলাদেশ সরকারের অন্যতম প্রধান নির্মাণ বাস্তবায়নকারী সংস্থা হিসেবে দেশের বিভিন্ন গুরুত্বপূর্ণ সরকারি অবকাঠামো নির্মাণ ও উন্নয়ন কার্যক্রম সফলভাবে সম্পাদন করে আসছে। বর্তমান সময়ে নির্মাণ প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে সময়, ব্যয়, গুণগত মান, নিরাপত্তা, পরিবেশ সংরক্ষণ এবং আইনি বাধ্যবাধকতা—এসব বিষয়কে সমন্বিতভাবে বিবেচনা করা অপরিহার্য হয়ে উঠেছে। এ সকল বিষয়কে একটি সুশৃঙ্খল কাঠামোর মধ্যে আনয়ন এবং মাঠ পর্যায়ে দায়িত্বপ্রাপ্ত প্রকৌশলীদের জন্য একটি কার্যকর নির্দেশনা প্রদানের লক্ষ্যে **Construction Management Plan (CMP)** প্রস্তুতির গাইডলাইন প্রণয়ন একটি সময়োপযোগী উদ্যোগ।

এই গাইডলাইনে নির্মাণ প্রকল্পের বাস্তবায়ন পরিকল্পনা, সাংগঠনিক কাঠামো, দায়িত্ব বণ্টন, কাজের সময়সূচী, সম্পদ ব্যবস্থাপনা, ঝুঁকি বিশ্লেষণ, গুণগত মান নিয়ন্ত্রণ, স্বাস্থ্য-নিরাপত্তা-পরিবেশ ব্যবস্থাপনা, আর্থিক নিয়ন্ত্রণ, ভেরিয়েশন পদ্ধতি, অগ্রগতি পর্যবেক্ষণ, ডকুমেন্টেশন এবং প্রকল্প সমাপ্তিকরণের বিষয়সমূহ সুনির্দিষ্টভাবে অন্তর্ভুক্ত করা হয়েছে। এর পাশাপাশি প্রতিটি কাজের গুণগত মান নিয়ন্ত্রণের লক্ষ্যে বিভিন্ন চেকলিস্ট, নিরাপত্তা নির্দেশিকা, সাইটে আবশ্যিকভাবে সংরক্ষণের নিমিত্তে প্রয়োজনীয় নথিপত্রের তালিকা এবং প্রতিটি প্রকল্প বাস্তবায়নের শুরুতে CMP প্রণয়নের সুবিধার্থে একটি **Workout Example** সন্নিবেশিত করা হয়েছে।

নির্মাণ প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রায়ই ব্যয় বৃদ্ধি, নকশাগত জটিলতা, উপকরণ সরবরাহে বিলম্ব, নিরাপত্তা ঝুঁকি এবং ডকুমেন্টেশন ঘাটতির মতো চ্যালেঞ্জ দেখা দেয়। এই নির্দেশিকা অনুসরণপূর্বক প্রতিটি প্রকল্প বাস্তবায়নের শুরুতে CMP প্রস্তুতি সেইসব চ্যালেঞ্জ মোকাবিলায় আগাম প্রস্তুতি, প্রতিরোধমূলক ব্যবস্থা, পর্যবেক্ষণ ও নিয়ন্ত্রণের একটি সুসংহত কাঠামো প্রদান করবে। ফলে প্রকল্প বাস্তবায়নে দক্ষতা বৃদ্ধি, কাজের মান উন্নয়ন এবং প্রশাসনিক ও কারিগরি সমন্বয় জোরদার হবে বলে আমি মনে করি।

আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি, এই গাইডলাইন অনুসরণের মাধ্যমে গণপূর্ত অধিদপ্তরের প্রকৌশলীগণ অনুমোদিত নকশা, স্পেসিফিকেশন, কোড, আর্থিক বিধি এবং প্রচলিত সরকারি নিয়মাবলি প্রতিপালনপূর্বক নির্মাণ প্রকল্পসমূহ আরও দক্ষতা ও সাফল্যের সাথে বাস্তবায়ন করতে সক্ষম হবেন। এর ফলে মাঠ পর্যায়ে প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে একটি সুনির্দিষ্ট রূপরেখা প্রতিষ্ঠিত হবে এবং মাঠ পর্যায়ের প্রকৌশলীদের দৈনন্দিন কার্যক্রমে একটি সুনির্দিষ্ট কর্মপদ্ধতি অনুসরণ নিশ্চিত করার জন্য এ দলিলটি বিশেষভাবে সহায়ক হবে, দায়িত্ব পালনে অধিকতর শৃঙ্খলা, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হবে। একই সাথে এটি ঠিকাদার, পরামর্শক এবং সংশ্লিষ্ট অংশীজনদের জন্যও একটি কার্যকর রোডম্যাপ হিসেবে কাজ করবে।

এই গুরুত্বপূর্ণ দলিল প্রণয়নের সাথে সংশ্লিষ্ট সকলকে আমি আন্তরিক ধন্যবাদ ও অভিনন্দন জানাই। আশা করি, এই **Construction Management Plan** প্রস্তুতির গাইডলাইন সরকারি নির্মাণ ব্যবস্থাপনায় একটি কার্যকর সহায়ক নথি হিসেবে প্রতিষ্ঠা লাভ করবে এবং দেশের টেকসই অবকাঠামো উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

এপ্রিল, ২০২৬
পূর্ত ভবন
সেগুন বাগিচা, ঢাকা

মোঃ খালেদুজ্জামান চৌধুরী
(প্রধান প্রকৌশলী)
গণপূর্ত অধিদপ্তর

নির্দেশিকার বিষয়বস্তু

১. ভূমিকা	1
১.১ Construction Management Plan (CMP) এর লক্ষ্য ও উদ্দেশ্য	1
১.২ কর্মপরিধি	1
২. সাংগঠনিক কাঠামো ও দায়িত্ব বন্টন	1
২.১ Organizational Chart	1
২.২ সিদ্ধান্ত গ্রহণের পদক্রম (Decision Making hierarchy)	2
২.৩ দায়িত্ব ও কার্যাবলি	3
২.৩.১ গণপূর্ত অধিদপ্তরের দায়িত্ব ও কার্যাবলি	3
২.৩.২ ঠিকাদার পক্ষের দায়িত্ব ও কার্যাবলি	5
২.৪ Stakeholder (অংশীজন) সনাক্তকরণ এবং যোগাযোগ পরিকল্পনা	5
৩. কাজের অধিক্ষেত্র	7
৩.১ নকশা সংগ্রহ	7
৩.২ নির্মাণের পর্যায়সমূহ ও সামগ্রিক প্রক্রিয়া	7
৩.৩ সাইট প্রস্তুতকরণ	9
৩.৪ নথিপত্র সংরক্ষণ	10
৪. নির্মাণ কাজের পরিকল্পনা ও সময় ব্যবস্থাপনা	11
৪.১ Work Breakdown Structure (WBS)	11
৪.২ সময়সূচী নির্ধারণ	11
৫. সম্পদ (Resource) ব্যবস্থাপনা	11
৫.১ জনবল ব্যবস্থাপনা (Manpower Management)	12
৫.২ যন্ত্রপাতি ও উপকরণ ব্যবস্থাপনা (Tools & Equipment Management)	12
৫.৩ নির্মাণ সামগ্রী ক্রয় পরিকল্পনা (Material Procurement Management)	12
৫.৪ সাইট লজিস্টিকস ও ট্রাফিক ব্যবস্থাপনা (Site Logistics & Traffic Management)	12
৬. ঝুঁকি ব্যবস্থাপনা	12
৬.১ ঝুঁকি সনাক্তকরণ	13
৬.২ ঝুঁকি প্রতিরোধ ব্যবস্থা	13
৭. গুণগত মান নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা	13
৭.১ পরিদর্শন ও টেস্ট প্ল্যান (Inspection & Test Plan (ITP))	14
৭.২ নির্মাণ সামগ্রী টেস্টের প্রক্রিয়া	14

৮. স্বাস্থ্য, নিরাপত্তা ও পরিবেশগত (HSE) ব্যবস্থাপনা পরিকল্পনা	16
৮.১ নিরাপত্তা নীতি এবং প্রয়োজনীয়তা	17
৮.২ স্বাস্থ্য ও পরিবেশগত পর্যবেক্ষণ	17
৮.৩ জরুরি প্রতিক্রিয়া পরিকল্পনা (Emergency Response Plan)	18
৯. আর্থিক ও ব্যয় নিয়ন্ত্রণ	18
৯.১ বাজেট নিয়ন্ত্রণ	18
৯.২ পেমেন্ট পদ্ধতি	19
৯.৩ অডিট ও স্বচ্ছতা	19
১০. পরিবর্তন ব্যবস্থাপনা প্রক্রিয়া (Change Management Process)	20
১০.১ পরিবর্তনের প্রস্তাব এবং অনুমোদন পদ্ধতি (Change request & Approval Process)	20
১০.২ ভেরিফেশন অর্ডারের পদ্ধতি	20
১১. তদারকিকরণ ও Performance নিয়ন্ত্রণ	20
১১.১ অগ্রগতি তদারকিকরণ পদ্ধতি	20
১১.২ অগ্রগতি পর্যালোচনা	21
১২. ডকুমেন্টেশন ও রেকর্ড সংরক্ষণ	21
১৩. প্রকল্প সমাপ্তিকরণ (Project Completion)	21
১৩.১ Commissioning এবং প্রকল্প হস্তান্তর	22
১৪. উপসংহার	22
১৫. CMP প্রণয়নের ফ্লো-চার্ট	23
১৬. পরিশিষ্ট	
পরিশিষ্ট - ১: নমুনা Work Schedule/ Gantt Chart	24
পরিশিষ্ট - ২: ম্যাটেরিয়াল টেস্টিং গাইডলাইন এবং নির্মাণ কাজ বাস্তবায়নকালীন সাইটে নিরাপত্তা বিধান এবং নির্মাণ কাজে ব্যবহৃত ম্যাটেরিয়ালসমূহের গুণগতমান সংক্রান্ত ফ্লো-চার্ট	28
পরিশিষ্ট - ৩: মাঠ পর্যায়ে নির্মাণ কাজ বাস্তবায়নের বিভিন্ন পর্যায়ে অনুসরণীয় চেকলিস্ট	35
পরিশিষ্ট - ৪: Safety Guideline for Quality Control	73
পরিশিষ্ট - ৫: নমুনা সেফটি ডিল প্রতিবেদন, মাসিক অগ্রগতি প্রতিবেদন এবং পরিদর্শন প্রতিবেদন	80
পরিশিষ্ট - ৬: Workout example of Construction Management Plan (CMP) of a Project	85

১. ভূমিকা

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অধীন গণপূর্ত অধিদপ্তর বাংলাদেশে নির্মাণ অঙ্গনের পথিকৃত। এই প্রতিষ্ঠান সরকারী নির্মাণ প্রকল্প বাস্তবায়নে কেন্দ্রীয় ভূমিকা পালন করে থাকে। দেশের নির্মাণ অঙ্গনে নিরাপদ পরিবেশ বজায় রাখার লক্ষ্যে BNBC (Bangladesh National Building Code), PWD SoR (Schedule of Rate), Book of Specifications, PPR (Public Procurement Rules) এবং অন্যান্য প্রচলিত বিধি-বিধানের যথাযথ প্রয়োগ নিশ্চিত করে গণপূর্ত অধিদপ্তরের প্রকৌশলীরা নিরলসভাবে কাজ করে চলেছে। বর্তমানে নির্ধারিত সময় এবং অনুমোদিত বাজেটের মধ্যে গুণগত মান বজায় রেখে নির্মাণ প্রকল্প বাস্তবায়ন করা একটি চ্যালেঞ্জ। এই চ্যালেঞ্জ মোকাবেলা করে প্রকল্প বাস্তবায়নের জন্য গণপূর্ত অধিদপ্তরের মাঠ পর্যায়ের প্রকৌশলীদের জন্য Construction Management Plan (CMP) এর একটি সুনির্দিষ্ট গাইডলাইন প্রয়োজন। একটি নির্মাণ প্রকল্পের সময়, ব্যয়, গুণগত মান, নিরাপত্তা ও আইনগত বিষয়সমূহ সঠিকভাবে নিয়ন্ত্রণের মাধ্যমে সফলতার সাথে প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে CMP একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ নথি। এর মাধ্যমে প্রকল্পের পরিকল্পনা, বাস্তবায়ন, তদারকি এবং নিয়ন্ত্রণের পূর্ণাঙ্গ নির্দেশনা প্রদান করা হয়ে থাকে।

১.১ Construction Management Plan (CMP) এর লক্ষ্য ও উদ্দেশ্য

- নির্ধারিত সময়ের মধ্যে নির্মাণ প্রকল্প সম্পন্নকরণ
- অনুমোদিত বাজেটের মধ্যে নির্মাণ প্রকল্পের ব্যয় নিয়ন্ত্রণ
- নির্মাণ কাজ ও নির্মাণ সামগ্রীর গুণগত মান নিশ্চিতকরণ
- নির্মাণ সাইটের নিরাপত্তা বজায় এবং পরিবেশের ঝুঁকি হ্রাসকরণ
- নিয়মিত পর্যবেক্ষণের মাধ্যমে নির্ধারিত সময় এবং অনুমোদিত বাজেটের মধ্যে কাজের অগ্রগতি নিয়ন্ত্রণ
- ঠিকাদার কর্তৃক অনুসরণের লক্ষ্যে একটি রোডম্যাপ প্রদান

১.২ কর্মপরিশি

একটি পূর্ণাঙ্গ CMP –এ সাধারণত প্রকল্পের পরিকল্পনা থেকে শুরু করে কাজের পরিধি, ওয়ার্ক সিডিউল, প্রকিউরমেন্ট, লজিস্টিকস এবং সাইট ম্যানেজমেন্ট, ব্যয়, গুণগত মান, নিরাপত্তার বিষয়াদি, পরিবেশ ব্যবস্থাপনা, রিসোর্স ও ঝুঁকি নিয়ন্ত্রণ পরিকল্পনা, ডকুমেন্টেশন ইত্যাদি সকল তথ্যাদি অন্তর্ভুক্ত থাকে। এই গাইডলাইনে শুধুমাত্র নির্মাণাধীন সাইটে প্রকল্পের নির্মাণ কাজ যথাযথভাবে বাস্তবায়নের সাথে সম্পৃক্ত বিষয়সমূহ, যেমন: কাজের পরিধি, ওয়ার্ক সিডিউল, নকশা সংগ্রহ ও সংরক্ষণ, লজিস্টিকস এবং সাইট ব্যবস্থাপনা, ব্যয়, গুণগত মান, নিরাপত্তার বিষয়াদি, পরিবেশ ব্যবস্থাপনা, রিসোর্স ও ঝুঁকি নিয়ন্ত্রণ পরিকল্পনা, ডকুমেন্টেশন ইত্যাদি নিয়ে আলোচনা করা হয়েছে।


২. সাংগঠনিক কাঠামো এবং দায়িত্ব বন্টন

নির্মাণ প্রকল্প সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য CMP তে একটি সুস্পষ্ট সাংগঠনিক কাঠামো, পদক্রম (hierarchy) তালিকা এবং প্রত্যেক সদস্যের দায়িত্ব ও কার্যাবলি নির্ধারিত থাকা প্রয়োজন যাতে প্রশাসনিক জটিলতা পরিহার করে দ্রুততার সাথে যেকোনো সমস্যার সমাধান করার পাশাপাশি স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা সম্ভব হয়।


২.১ Organizational Chart

নির্মাণ প্রকল্পের কাজ শুরু করার পূর্বে ঠিকাদার কর্তৃক জনবলের তথ্য, Organizational চার্ট এবং দায়িত্ব বন্টন সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদি জমা দিতে হবে। এছাড়া CMP তে গণপূর্ত অধিদপ্তরের Organizational চার্টও অন্তর্ভুক্ত থাকতে হবে। নিম্নে গণপূর্ত অধিদপ্তরের মাঠ পর্যায়ের দায়িত্বপ্রাপ্ত প্রকৌশলীদের এবং প্রকল্প সংশ্লিষ্ট ঠিকাদারের নমুনা Organizational চার্ট প্রদান করা হলো।

গণপূর্ত অধিদপ্তরের মাঠ পর্যায়ের প্রকল্প বাস্তবায়নের জন্য Organizational চার্ট



ঠিকাদারের নমুনা Organizational চার্ট



২.২ সিদ্ধান্ত গ্রহণের পদক্রম (Decision Making hierarchy)

নির্মাণ প্রকল্পে Decision Making Hierarchy বলতে বোঝায় কে কোন স্তরে কী ধরনের সিদ্ধান্ত নেবে এবং সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতার ধাপভিত্তিক কাঠামো। নির্মাণ ক্ষেত্রে যেকোনো সিদ্ধান্ত গ্রহণের Hierarchy সাধারণত তিন স্তরের হয়। Strategic Level (কৌশলগত স্তর), Tactical (মধ্যম ব্যবস্থাপনা স্তর) এবং Operational Level (কার্যসম্পাদন স্তর), যেখানে প্রতিটি স্তরে ভিন্ন ভিন্ন দায়িত্ব ও সিদ্ধান্ত গ্রহণ ক্ষমতা নির্ধারিত থাকে। CMP তে RACI Matrix অন্তর্ভুক্ত করা প্রয়োজন, যেখানে সুবিন্যস্ত দায়িত্ব বন্টনের তালিকা সুস্পষ্টভাবে উল্লেখ থাকবে। RACI Matrix এর মাধ্যমে বিভ্রান্তি কমিয়ে সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়া সহজবোধ্য ও দ্রুততর করা সম্ভব হয়।

RACI এর অর্থ

- R – Responsible (দায়িত্বপ্রাপ্ত – কাজটি বাস্তবায়ন করবে)
- A – Accountable (দায়বদ্ধ – সিদ্ধান্ত গ্রহণ ও অনুমোদনকারী)
- C – Consulted (পরামর্শদাতা – মতামত প্রদানকারী)
- I – Informed (অবগত – কাজের অগ্রগতি সম্পর্কে জানানো হবে)

টেবিল ১: নির্মাণাধীন প্রকল্পের দায়িত্ব বন্টনের নমুনা তালিকা বা RACI Matrix

কাজ / কার্যক্রম	প্রত্যাশী সংস্থা	স্থপতি	ডিজাইন ইঞ্জিনিয়ার	নির্বাহী প্রকৌশলী	উপ-বিভাগীয় প্রকৌশলী	উপ-সহকারী প্রকৌশলী	ঠিকাদার	সাইট ইঞ্জিনিয়ার
নকশা সংগ্রহ ও সংরক্ষণ		C	C	I	A	R		
ঠিকাদারের নিকট সাইট হস্তান্তর	I			A	R	I		
কাজের দৈনিক তদারকি		C	C	C	A	R	R	R
মাসিক অগ্রগতির প্রতিবেদন				C	A	R	I	
পরিদর্শন প্রতিবেদন				C	A	R	I	
ওয়ার্ক সিডিউল/ Gantt চার্ট				C	C	R	A	
নির্মাণ সামগ্রী (স্ট্রোকচারাল) অনুমোদন	I		I	A	R	I	R	
নির্মাণ সামগ্রী (Finishing Material) অনুমোদন	A	A		A	R	I	R	
মেজারমেন্ট বুক রেকর্ড				I	A	A	R	R
Running বিল প্রস্তুত				I	A	R	R	R
বিল অনুমোদন				A	R	I	I	
গুণগত মান নিশ্চিতকরণ	I	C	C	A	R	R	R	R
ফাইনাল প্রকল্প হস্তান্তর	A			A	R	I	I	

RACI টেবিল- এ উল্লিখিত দায়িত্ব বন্টন ছাড়াও গণপূর্ত অধিদপ্তরের Organizational চার্ট অনুযায়ী প্রকল্প সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক প্রকৌশলী এবং অতিরিক্ত প্রধান প্রকৌশলী সামগ্রিকভাবে কাজসমূহ তদারকি ও প্রয়োজনে সিদ্ধান্ত প্রদানে ভূমিকা পালন করবে।

* উপরোক্ত RACI টেবিলটি নমুনা মাত্র। প্রকল্পের ধরণ ও প্রয়োজন অনুযায়ী বিভিন্ন নির্মাণ প্রকল্পের CMP তে উল্লিখিত দায়িত্ব এবং ভূমিকা পুনর্বন্টন করা যেতে পারে।

২.৩ দায়িত্ব ও কার্যাবলি

২.৩.১ গণপূর্ত অধিদপ্তরের দায়িত্ব ও কার্যাবলি

উপ-সহকারী প্রকৌশলীর (SAE) প্রধান দায়িত্ব

- অনুমোদিত স্থাপত্য, কাঠামোগত ও অন্যান্য সকল নকশা সংগ্রহ এবং সংরক্ষণ করা;
- সাইটে সরাসরি উপস্থিত থেকে কাজ পর্যবেক্ষণ এবং প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা;
- দৈনিক কাজের পরিমাপ (Measurement) গ্রহণ, নির্মাণ সামগ্রীর inventory এর তালিকা প্রস্তুত করা এবং রেজিস্টার নিয়মিত পরীক্ষা করা;
- তেরিয়শনের নিমিত্তে প্রাক্কলন প্রস্তুত, Measurement Book (MB) লিপিবদ্ধ করা এবং Running Account বিল ও final বিল প্রস্তুত করা;
- অগ্রগতির প্রতিবেদন প্রস্তুতকরণে সহায়তা এবং অনুমোদনের নিমিত্তে দাখিল করা;
- নির্মাণ কাজ ও নির্মাণ সামগ্রীর গুণগত মান নিশ্চিত করা।

উপ-বিভাগীয় প্রকৌশলীর (SDE) প্রধান দায়িত্ব

- অনুমোদিত প্রাক্কলন, চুক্তিপত্র, প্রযোজ্য ক্ষেত্রে DPP, অনুমোদিত স্থাপত্য, কাঠামোগত ও অন্যান্য সকল নকশা সংগ্রহ এবং সংরক্ষণ করা;
- নির্মাণ সংশ্লিষ্ট সকল সমস্যা সমাধানের জন্য বিভিন্ন stakeholder এর মধ্যে সমন্বয় সাধন করা;
- দৈনন্দিন কারিগরি তদারকি, প্রাক্কলন, Measurement Book (MB) এবং বিল যাচাই করা;
- অগ্রগতির প্রতিবেদন যাচাই, অনুমোদনের নিমিত্তে দাখিল এবং অনুমোদিত কপি সংরক্ষণ করা;

- ম্যাটেরিয়াল টেস্টিং গাইডলাইন অনুযায়ী প্রয়োজন অনুসারে সকল টেস্ট রিপোর্ট যাচাই, সংরক্ষণ এবং নির্মাণ সামগ্রী অনুমোদনে সহায়তা করা;
- চেকলিস্ট অনুযায়ী প্রকল্পের কাজ পরীক্ষা করা, Inspection প্রতিবেদন প্রস্তুত এবং অনুমোদনের নিমিত্তে দাখিল করা;
- নির্মাণ সংক্রান্ত সকল চেকলিস্ট, টেস্ট রিপোর্ট এবং অন্যান্য সকল নথিপত্র সংরক্ষণ করা;
- ভেরিফিকেশনের নিমিত্তে প্রাক্কলন প্রস্তুতে সহায়তা ও যাচাই করা;
- নির্মাণ কাজ ও নির্মাণ সামগ্রীর গুণগত মান নিশ্চিত করা।

নির্বাহী প্রকৌশলীর (EE) প্রধান দায়িত্ব

- নিয়মিত সাইট পরিদর্শন এবং প্রকল্পের সার্বিক ব্যবস্থাপনা ও তত্ত্বাবধান করা;
- নির্মাণ সংশ্লিষ্ট সকল সমস্যা সমাধানের জন্য বিভিন্ন stakeholder এর মধ্যে সমন্বয় সাধন করা;
- ঠিকাদার কর্তৃক দাখিলকৃত Detail Work প্ল্যান এবং সাইট প্রস্তুতকরণের জন্য প্রয়োজনীয় অঙ্গসমূহের অবস্থান প্রদর্শনপূর্বক পূর্ণাঙ্গ সাইট ব্যবস্থাপনা প্ল্যান এর অনুমোদন প্রদান করা;
- নির্ধারিত বাজেট ও নির্দিষ্ট মেয়াদের মধ্যে প্রকল্পের নির্মাণ কাজ ও নির্মাণ সামগ্রীর গুণগত মান নিশ্চিত এবং অনুমোদন প্রদান করা;
- নিয়মিত সাইট Inspection করা;
- সাইটে মাসিক অগ্রগতি সভা আয়োজনপূর্বক কাজের অগ্রগতি পর্যালোচনা, সমস্যা সনাক্তকরণ এবং সিদ্ধান্ত প্রদান করা;
- মাসিক অগ্রগতি রিপোর্ট প্রণয়ন, সংরক্ষণ এবং সংশ্লিষ্ট প্রকল্প সার্কেলে রিপোর্টের অনুলিপি প্রদান করা;
- নির্মাণ সংক্রান্ত সকল চেকলিস্ট, টেস্ট রিপোর্ট ও অন্যান্য সকল নথিপত্র নিরীক্ষণ এবং অনুমোদন প্রদান করা এবং সংশ্লিষ্ট ডিজাইন বিভাগে স্ট্রাকচারাল নির্মাণ সামগ্রীর টেস্ট রিপোর্টের অনুলিপি প্রদান করা;
- বিল যাচাই ও অনুমোদন প্রদান করা।

তত্ত্বাবধায়ক প্রকৌশলীর (SE) প্রধান দায়িত্ব

- মাসিক ভিত্তিতে সাইট পরিদর্শন এবং পরিদর্শন প্রতিবেদন প্রদান করা;
- সার্বিক প্রশাসনিক তদারকি এবং কারিগরি অনুমোদন প্রদান করা;
- আর্থিক ক্ষমতা অর্পন অনুযায়ী (DoFP) সময় বৃদ্ধি ও ভেরিফিকেশন অনুমোদন করা;
- প্রকল্পের অগ্রগতি পর্যবেক্ষণ ও নিয়ন্ত্রণ করা;
- নির্মাণ সংশ্লিষ্ট সমস্যা সমাধানের জন্য বিভিন্ন stakeholder এর মধ্যে সমন্বয় সাধন এবং প্রয়োজ্য ক্ষেত্রে সিদ্ধান্ত প্রদান করা;
- নির্মাণ কাজ সংক্রান্ত প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান এবং প্রকল্পের কাজ তত্ত্বাবধান করা।

অতিরিক্ত প্রধান প্রকৌশলীর (ACE) প্রধান দায়িত্ব

- নিয়মিত সাইট পরিদর্শন করা;
- সার্বিক প্রশাসনিক তদারকি এবং কারিগরি অনুমোদন প্রদান করা;
- আর্থিক ক্ষমতা অর্পন অনুযায়ী (DoFP) সময় বৃদ্ধি ও ভেরিফিকেশন অনুমোদন করা;
- প্রকল্পের অগ্রগতি পর্যবেক্ষণ ও নিয়ন্ত্রণ করা;
- নির্মাণ সংশ্লিষ্ট সমস্যা সমাধানের জন্য বিভিন্ন stakeholder এর মধ্যে সমন্বয় সাধন এবং প্রয়োজ্য ক্ষেত্রে সিদ্ধান্ত প্রদান করা;
- নির্মাণ কাজ সংক্রান্ত প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান এবং প্রকল্পের কাজ তত্ত্বাবধান করা।

প্রধান প্রকৌশলীর (Chief Engineer) প্রধান দায়িত্ব

- প্রকল্পের চূড়ান্ত অনুমোদন প্রদান এবং নীতিগত সিদ্ধান্ত গ্রহণ করা;

- আর্থিক ক্ষমতা অর্পন অনুযায়ী (DoFP) সময় বৃদ্ধি ও ভেরিয়েশন অনুমোদন করা।

সংশ্লিষ্ট ডিজাইন বিভাগের দায়িত্ব

- সংশ্লিষ্ট প্রকল্পের মাঠ পর্যায়ের দপ্তর কর্তৃক দাখিলকৃত সকল টেস্ট রিপোর্ট (মৃত্তিকা পরীক্ষার প্রতিবেদন, লোড টেস্ট রিপোর্ট, স্ট্রাকচারাল নির্মাণ সামগ্রীর টেস্ট রিপোর্ট ইত্যাদি) যাচাই ও প্রয়োজনে কারিগরি পরামর্শ প্রদান;
- প্রকল্প বাস্তবায়নকালীন উদ্ভূত কারিগরি সমস্যা সমাধানে পরামর্শ প্রদান;
- প্রয়োজন অনুসারে সাইট পরিদর্শন এবং প্রযোজ্য ক্ষেত্রে পরিদর্শন প্রতিবেদন প্রদান;

সংশ্লিষ্ট প্রকল্প দপ্তরের দায়িত্ব

- প্রকল্পের অগ্রগতি পর্যবেক্ষণ ও তদারকি;
- প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত উদ্ভূত সমস্যা সমাধান ও অগ্রগতি পর্যালোচনার লক্ষ্যে প্রযোজ্য সকল stakeholder সমন্বয়ে মাসিক সমন্বয় সভা আয়োজন ও সভার কার্যবিবরণী প্রেরণ;
- গণপূর্ত অধিদপ্তর কর্তৃক প্রণয়নকৃত PPMS (PWD Project Monitoring System) সফটওয়্যারে প্রদানকৃত তথ্য নিয়মিত তদারকিকরণ;
- মাঠ পর্যায়ের দপ্তর কর্তৃক দাখিলকৃত মাসিক অগ্রগতি প্রতিবেদন, বাজেট নিয়ন্ত্রণ ও variation, প্রকল্পের time extension ইত্যাদি যাচাই ও তদারকিকরণ, প্রয়োজনে RDPP প্রণয়ন ইত্যাদি।

২.৩.২ ঠিকাদার পক্ষের দায়িত্ব ও কার্যাবলি

সাইট ইঞ্জিনিয়ার এর প্রধান দায়িত্ব

- অনুমোদিত নকশা অনুযায়ী প্রকল্পের মূল কাজ বাস্তবায়ন এবং দৈনন্দিন সাইট কার্যক্রম পরিচালনা করা;
- নির্মাণ সামগ্রীর ব্যবহার পর্যবেক্ষণ, কাজের পরিমাপ (Measurement) গ্রহণে উপ-সহকারি প্রকৌশলীকে সহায়তা করা;
- শ্রমিক ও ফোরম্যানদের প্রকল্পের কাজ তদারকি করা।


সাইট ব্যবস্থাপক (Site Manager) এর প্রধান দায়িত্ব

- শুরুতেই Detail Work প্ল্যান এবং সাইট প্রস্তুতকরণের জন্য প্রয়োজনীয় অঙ্গসমূহের অবস্থান প্রদর্শনপূর্বক পূর্ণাঙ্গ সাইট ব্যবস্থাপনা প্ল্যান সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীর নিকট দাখিল ও অনুমোদন গ্রহণ করা;
- প্রত্যাহী সংস্থা ও গণপূর্ত অধিদপ্তরের সাথে সমন্বয়পূর্বক সম্পূর্ণ প্রকল্পের তত্ত্বাবধান করা;
- নির্মাণ কাজ বাস্তবায়নের জন্য সময়মত নির্মাণ সামগ্রী ও যন্ত্রপাতি সরবরাহ নিশ্চিত করা;
- বাজেট নিয়ন্ত্রণ ও নির্ধারিত সময় অনুযায়ী কাজ সম্পন্ন নিশ্চিত করা;
- ম্যাটেরিয়াল টেস্টিং গাইডলাইন অনুসরণপূর্বক সকল ধরনের নির্মাণ সামগ্রীর টেস্ট তদারকি এবং টেস্ট রিপোর্ট সরবরাহ, সংরক্ষণ এবং অনুমোদন গ্রহণ করা;
- মাসিক অগ্রগতি প্রতিবেদন, পরিদর্শন রিপোর্ট এবং অন্যান্য প্রয়োজনীয় প্রতিবেদন প্রস্তুতিতে সহায়তা করা ও অন্যান্য তথ্যাদি উপস্থাপন, সরবরাহ এবং অনুমোদন গ্রহণ করা;
- কর্মরত শ্রমিক, তদারকিতে আগত কর্মকর্তাসহ সকলের সুরক্ষা প্রদান সহ সাইটের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করা;
- সাব-কন্ট্রাক্টরদের সাথে সমন্বয়পূর্বক প্রকল্পের কাজ বাস্তবায়ন এবং সাব-কন্ট্রাক্টরদের নিয়ন্ত্রণ করা।

২.৪ Stakeholder (অংশীজন) সনাক্তকরণ এবং যোগাযোগ পরিকল্পনা

নির্মাণ প্রকল্পের কাজ শুরুর পূর্বেই প্রকল্প সংশ্লিষ্ট সকল Stakeholder সনাক্তকরণ পূর্বক প্রাথমিক সমন্বয় সভার মাধ্যমে পরিচয় এবং একটি Stakeholder contact চার্ট তৈরি করে CMP তে সংরক্ষিত রাখতে হবে। এছাড়া contact চার্টে জরুরী পরিশেষা, যেমনঃ নিকটবর্তী পুলিশ থানা, ফায়ার সার্ভিস, হাসপাতাল ইত্যাদির contact নাম্বারসমূহ অন্তর্ভুক্ত করতে হবে। নিম্নে প্রদত্ত নমুনা অনুসরণপূর্বক সাইটের জন্য Stakeholder contact চার্ট প্রস্তুত করে CMP তে অন্তর্ভুক্ত করা যেতে পারে।

Stakeholders



টেবিল ২: Stakeholder Contact Chart

Sl. No.	Stakeholders		Name & Designation	Office Address	Phone/ Mobile	E-mail	Remarks (if any)
1.	Ministry/ Client Part	Project Director (PD)					
		Deputy Project Director (DPD)					
2.	PWD Part	Architect	Assistant Arch	DoA			
			Executive Arch	DoA			
		Structural Design Engineer	Sub-Divisional/ Assistant Engineer	PWD			
			Executive Engineer	PWD			
		Plumbing Engineer	Executive Engineer	PWD			
		E/M Planning	Executive Engineer	PWD			
		E/M Design	Executive Engineer				
Project Monitoring Divisions	Executive Engineer	PWD					
3.	Contractor Part	Site Manager	 Company			
		Project/ Site Engineer	 Company			
		Sub-Contractor A (if any)	 Company			
		Sub-Contractor B (if any)	 Company			

Emergency Contact:

Nearby Police Station:

Nearby Fire Station:

Nearby Hospital:

Ambulance:

৩. কাজের অধিক্ষেত্র


৩.১ নকশা সংগ্রহ

প্রকল্প শুরুর পূর্বে মাঠ পর্যায়ে থেকে স্থাপত্য অধিদপ্তর, স্ট্রাকচারাল ডিজাইন বিভাগ, প্লাসিং ডিজাইন ইউনিট, ই/এম ডিজাইন বিভাগ এর সাথে যোগাযোগ করে অনুমোদিত স্থাপত্য, কাঠামোগত, প্লাসিং ও ইলেকট্রো-মেকানিক্যাল নকশা সংগ্রহ করতে হবে। নকশাসমূহের মধ্যে কোনো অসামঞ্জস্যতা থাকলে সেগুলো চিহ্নিতকরণ পূর্বক সমন্বয় সাধন করতে হবে, প্রয়োজনে সমন্বয় সভার মাধ্যমে নকশা সংক্রান্ত সকল সমস্যা সমাধান করে প্রযোজ্য ক্ষেত্রে সংশোধিত/ পরিবর্তিত অনুমোদিত নকশাসমূহ সংগ্রহ করতে হবে। এছাড়া নির্মাণ কাজ শুরুর পূর্বে সাইটের অবস্থা এবং নির্মাণের সময় সম্ভাব্য অসুবিধা বা ঝুঁকিসমূহ নকশা প্রণয়ন করার পর্যায়ে চিহ্নিত করতে হবে এবং সেগুলো নকশার সাথে সমন্বয় করতে হবে।


৩.২ নির্মাণের পর্যায়সমূহ ও সামগ্রিক প্রক্রিয়া

প্রকল্পের সকল নির্মাণ কাজ অনুমোদিত নকশা এবং স্পেসিফিকেশন অনুযায়ী করতে হবে। কাজ শুরু করার পূর্বেই নির্মাণ কাজের সকল পর্যায়সমূহ এবং প্রতিটি পর্যায়ের আওতাভুক্ত কাজসমূহ নির্ধারণ করে নিতে হবে। একাধিক অবকাঠামো/ স্থাপনা সম্বলিত বৃহৎ প্রকল্পের ক্ষেত্রে কন্সট্রাকশন phase নির্ধারণপূর্বক CMP তে প্রকল্পের কন্সট্রাকশন Phasing Map অন্তর্ভুক্ত করতে হবে। উদাহরণস্বরূপ নিম্নে একটি প্রকল্পের নমুনা কন্সট্রাকশন Phasing Map দেওয়া হলো।


নির্মাণ কাজের প্রারম্ভে ঠিকাদার সর্বপ্রথম নির্বাহী প্রকৌশলী কর্তৃক অনুমোদনের জন্য detail work schedule এবং পূর্ণাংগ সাইট ব্যবস্থাপনা প্ল্যান দাখিল করবে এবং অনুমোদন গ্রহণ করবে। অনুমোদিত সাইট প্ল্যান অনুযায়ী work schedule অনুসরণপূর্বক সাইট ইঞ্জিনিয়ার সাইটে লে-আউট প্রদান করবে। প্রকিউরমেন্ট প্ল্যান অনুযায়ী সাইটে নির্মাণ সামগ্রী আনার পর সংযুক্ত ম্যাটেরিয়াল টেস্টিং গাইডলাইন অনুযায়ী ঠিকাদার নির্মাণ সামগ্রী পরীক্ষা করিয়ে টেস্ট রিপোর্ট অনুমোদনের নিমিত্তে উপ-বিভাগীয় প্রকৌশলীর নিকট দাখিল করবে। উপ-বিভাগীয় এবং নির্বাহী প্রকৌশলী টেস্ট রিপোর্ট ও অন্যান্য সংশ্লিষ্ট সকল বিষয়াদি নিরীক্ষা করে নির্মাণ সামগ্রীর অনুমোদন প্রদান করবে। তবে কতিপয় ফিনিশিং আইটেমের ক্ষেত্রে প্রয়োজন অনুযায়ী প্রত্যাশী সংস্থা, সংশ্লিষ্ট স্থপতি এবং দায়িত্বপ্রাপ্ত নির্বাহী প্রকৌশলীর সমন্বিত কমিটি কর্তৃক অনুমোদন প্রদান করা যাবে। পর্যায়ক্রমে সকল কাজ ধাপে ধাপে সম্পন্ন করতে হবে। সাইটে লে-আউট প্রদান, মাটি খনন, রড বাঁধাই ইত্যাদি বিভিন্ন পর্যায়ে নির্ধারিত চেকলিস্ট অনুযায়ী উপ-বিভাগীয় বা নির্বাহী প্রকৌশলী কর্তৃক প্রণীত চেকলিস্ট অনুযায়ী নিরীক্ষা করার পর অনুমোদন প্রাপ্তি সাপেক্ষে পরবর্তী কাজ বাস্তবায়ন করা যাবে। ঠিকাদার কর্তৃক বাস্তবায়িত কাজের হিসাব উপ-সহকারী প্রকৌশলী MB (Measurement Book) তে লিপিবদ্ধ করবে এবং তা উপ-বিভাগীয় প্রকৌশলী কর্তৃক নিরীক্ষা করার পরবর্তীতে অনুমোদন সাপেক্ষে বিল প্রস্তুত করলে নির্বাহী প্রকৌশলী ঠিকাদারকে কাজের বিল প্রদান করবে।



চিত্র ১: নমুনা কন্সট্রাকশন Phasing Map (Phase – 1)



চিত্র ২: নমুনা কন্সট্রাকশন Phasing Map (Phase – 2)




চিত্র ৩: নমুনা কন্সট্রাকশন Phasing Map (Phase – 3)

নির্মাণের পর্যায়সমূহ

- প্রাক-নির্মাণ কাজ : ডিজিটাল সার্ভে; মৃত্তিকা পরীক্ষা (Soil Test); অনুমোদিত স্থাপত্য, কাঠামোগত ও অন্যান্য সকল নকশা সংগ্রহ; নির্মাণ কাজ শুরুর জন্য পানি ও বিদ্যুৎ ব্যবস্থা; সাইট লে-আউট; সাইট অফিস ও লেবার শেড নির্মাণ; নির্মাণ সামগ্রী রাখার স্টোরেজ; কন্সট্রাকশন সিডিউল; সাইটে নিরাপত্তা বিধান ইত্যাদি
- সাব-স্ট্রাকচার : মাটি খনন ও শোরিং; ফাউন্ডেশন ও পাইলিং; গ্রেড বীম; বেজমেন্ট ফ্লোর ইত্যাদি
- সুপারস্ট্রাকচার : কলাম, বীম, স্ল্যাব, সিঁড়ি; ইটের কাজ; জলছাদের কাজ ইত্যাদি
- MEP কাজ : ইলেকট্রিক্যাল ও HVAC; প্লাম্বিং ও স্যানিটারি; লিফট ও ফায়ার ফাইটিং সিস্টেম ইত্যাদি
- ফিনিশিং কাজ : প্লাস্টার, পেইন্টিং; দরজা-জানালা স্থাপন; ফ্লোর ফিনিশিং ইত্যাদি
- বাহ্যিক কাজ : বাউন্ডারি ওয়াল, ড্রাইভ-ওয়ে ও ড্রেইনেজ; বাহ্যিক সৌন্দর্যায়ন (ল্যান্ডস্কেপিং, সৌন্দর্য্য বাতি, নিরাপত্তা বাতি ইত্যাদি)

৩.৩ সাইট প্রস্তুতকরণ

নির্মাণ কাজ শুরু করার পূর্বে সাইটকে কাজের উপযুক্ত অবস্থায় আনার জন্য প্রয়োজনীয় সকল প্রস্তুতিমূলক কার্যক্রম গ্রহণ করতে হবে। এর মধ্যে সাইট ক্লিয়ারিং (গাছপালা, আবর্জনা ও পুরাতন স্থাপনা অপসারণ), ভবনের লেআউট অনুযায়ী মার্কিং করা, মাটি খনন (earthwork), সাইট লেভেলিং, এবং সঠিক ড্রেনেজ ব্যবস্থার মাধ্যমে পানি নিষ্কাশন নিশ্চিতকরণ সহ অস্থায়ী অবকাঠামো, যেমন: সাইট অফিস, শ্রমিক শেড নির্মাণ, নির্মাণ সামগ্রী রাখার স্টোরেজের ব্যবস্থাকরণ, পানি ও বিদ্যুৎ সংযোগ স্থাপন এবং নিরাপত্তা নিশ্চিত করতে ফেন্সিং ও সেফটি সাইনেজ স্থাপন করতে হবে। এছাড়া সাইটে যাতায়াতের জন্য এবং নির্মাণ সামগ্রী আনার জন্য রাস্তা তৈরি করতে হবে। নির্মাণ কাজ শুরু করার পূর্বেই সাইট প্রস্তুতকরণের লক্ষ্যে ঠিকাদার কর্তৃক প্রকল্পের সাইট প্লানে সাইট অফিস, শ্রমিক শেড, নির্মাণ সামগ্রী রাখার স্টোরেজ ইত্যাদির যথাযথ স্থান চিহ্নিতকরণ পূর্বক নির্বাহী প্রকৌশলীর নিকট হতে অনুমোদন গ্রহণ করতে হবে এবং CMP তে অন্তর্ভুক্ত করতে হবে। একইসাথে প্রকল্পের কাজ শুরুর পূর্বে সাইট লজিস্টিক ও ট্রাফিক ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়ন পূর্বক (অনুচ্ছেদ ৫.৪ দ্রষ্টব্য) অনুমোদন গ্রহণ করে CMP তে অন্তর্ভুক্ত করতে হবে। নিম্নে সাইট প্রস্তুতকরণের জন্য প্রয়োজনীয় অঙ্গসমূহের অবস্থান প্রদর্শনপূর্বক একটি নমুনা সাইট ব্যবস্থাপনা প্ল্যান দেওয়া হলো।



চিত্র ৪: সাইট প্রস্তুতকরণের জন্য প্রয়োজনীয় অঙ্গসমূহের অবস্থান প্রদর্শনপূর্বক নমুনা সাইট ব্যবস্থাপনা প্ল্যান

৩.৪ নথিপত্র সংরক্ষণ

প্রকল্প বাস্তবায়ন করার সময় সাইটে আবশ্যিকভাবে নিম্নলিখিত নথিপত্র সংরক্ষণ করতে হবে।

১. অনুমোদিত সাইট প্ল্যান
২. ডিজিটাল সার্ভে রিপোর্ট
৩. অনুমোদিত DPP এর কপি
৪. মৃত্তিকা পরীক্ষার প্রতিবেদন
৫. পাইল লোড টেস্ট রিপোর্ট, সার্ভিস পাইল ড্রাইভিং রেকর্ড
৬. অনুমোদিত স্থাপত্য নকশা
৭. অনুমোদিত কাঠামোগত নকশা
৮. অনুমোদিত প্লাস্টিং নকশা
৯. অনুমোদিত storm water drainage নকশা
১০. অনুমোদিত sewer নকশা
১১. অনুমোদিত internal ইলেকট্রিক্যাল নকশা
১২. অনুমোদিত external ইলেকট্রো-মেকানিক্যাল নকশা
১৩. অনুমোদিত Fire Detection & Protection নকশা
১৪. অনুমোদিত Medical Gas Pipeline System নকশা (যদি থাকে)
১৫. অনুমোদিত Stage Light & Sound System, Acoustic নকশা (যদি থাকে)
১৬. Contract Documents
১৭. Bill of Quantities (BoQ)
১৮. মাস্টার ওয়ার্ক সিডিউল/ মাসিক ওয়ার্ক সিডিউল/ Gantt Chart
১৯. ম্যাটেরিয়াল টেস্ট রিপোর্ট (Field Test Report এবং Laboratory Test Report)
২০. নির্মাণ সামগ্রীর স্টক রেজিস্টার
২১. নির্মাণ সামগ্রী অনুমোদন সংক্রান্ত ডকুমেন্টস
২২. উপকরণ ও যন্ত্রপাতির লগ বই
২৩. সাইট অর্ডার বুক
২৪. মেজারমেন্ট রেকর্ড বই (MB)
২৫. প্রতিটি কাজের পূর্বে পূরণকৃত এবং যথাযথভাবে স্বাক্ষরিত Quality control চেকলিস্ট
২৬. পরিদর্শন প্রতিবেদন
২৭. মাসিক অগ্রগতি প্রতিবেদন
২৮. সেফটি প্রতিবেদন
২৯. গণপূর্ত অধিদপ্তর ও ঠিকাদারের জনবল সংক্রান্ত তথ্য
৩০. শ্রমিকদের উপস্থিতির রেজিস্টার
৩১. নকশা রেজিস্টার
৩২. প্রকল্পের জন্য প্রস্তুতকৃত Construction Management Plan (CMP)

8. নির্মাণ কাজের পরিকল্পনা ও সময় ব্যবস্থাপনা

8.1 Work Breakdown Structure (WBS)

Work Breakdown Structure (WBS) হলো একটি প্রকল্প ব্যবস্থাপনা টুল যার মাধ্যমে প্রকল্পের সম্পূর্ণ কাজকে ধাপে ধাপে ছোট ছোট ব্যবস্থাপনাযোগ্য অংশে বিভক্ত করা হয়। প্রকল্পের কাজ শুরু করার পূর্বেই প্রকল্প যথাযথভাবে পরিচালনা করার জন্য প্রতিটি কাজের পরিকল্পনা করা প্রয়োজন, যাতে প্রকল্পের প্রতিটি কাজের সময়সূচী (Project Schedule) এবং ব্যয় নিরূপণ (Cost Estimation) ইত্যাদি অন্তর্ভুক্ত করতে হবে। এর মাধ্যমে প্রকল্পের কাজের সুনির্দিষ্ট পরিধি (scope) নির্ধারণ করা হয় এবং প্রতিটি কাজের জন্য প্রয়োজনীয় শ্রম, উপকরণ এবং যন্ত্রপাতির পরিমাণ নির্ধারণ করে ব্যয় নিরূপণ করা হয়। এর মাধ্যমে প্রকল্পের ব্যয় নিরূপণ, বাজেট নিয়ন্ত্রণ ও অগ্রগতি পর্যবেক্ষণ করা সহজ হয়। প্রকল্প শুরুর পূর্বেই ঠিকাদার কর্তৃক WBS প্রস্তুত করে সংশ্লিষ্ট উপ-বিভাগীয় প্রকৌশলীর নিকট দাখিল করতে হবে। সময়সূচীসহ একটি প্রকল্পের প্রধান কার্যক্রমসমূহের নমুনা সারসংক্ষেপ WBS নিম্নে প্রদান করা হলো।

টেবিল ৩: প্রকল্পের প্রধান কার্যক্রমসমূহের একটি নমুনা Work Breakdown Structure (WBS)

WBS Code	কার্যক্রম	বর্ণনা	আনুমানিক কার্যকাল
১.০	সাইট প্রস্তুতি	সাইট পরিষ্কার, লেবেলিং, অস্থায়ী অফিস, স্টোর এবং ইউটিলিটি স্থাপন	১ মাস
২.০	ফাউন্ডেশনের কাজ	খনন, ফুটিং রিইনফোর্সমেন্ট, ফাউন্ডেশন কংক্রিট এবং ব্যাকফিলিং	২ মাস
৩.০	সুপারস্ট্রাকচার	কলাম, বিম, স্ল্যাব, সিঁড়ি এবং ছাদ নির্মাণ	৬ মাস
৪.০	ইট এবং প্লাস্টার	ইটের গাঁথুনি, লিস্টেল, অভ্যন্তরীণ ও বাহ্যিক প্লাস্টার	৩ মাস
৫.০	ফিনিশিং কাজ	টাইলস/ মার্বেল বসানো, দরজা-জানালা স্থাপন, রং ও পেইন্টিং	৩ মাস
৬.০	বৈদ্যুতিক এবং প্লাম্বিং কাজ	বৈদ্যুতিক তার সংযোগ, লাইট ফিটিং, পানির লাইন এবং স্যানিটারি ফিটিং	২ মাস
৭.০	অন্যান্য বাহ্যিক কাজ	ডেনেজ ব্যবস্থা, সীমানা প্রাচীর, রাস্তা ও পেভমেন্ট	২ মাস
৮.০	প্রকল্প সমাপ্তি এবং হস্তান্তর	চূড়ান্ত পরিদর্শন, ত্রুটি সংশোধন এবং প্রকল্প হস্তান্তর	১ মাস

* উপরোক্ত টেবিলটি একটি নমুনা মাত্র। প্রকল্পের ধরণ ও কাজের ভিন্নতা অনুযায়ী তালিকাটি প্রণয়নপূর্বক CMP তে অন্তর্ভুক্ত করতে হবে।

8.2 সময়সূচী নির্ধারণ

Start and completion dates, Milestones, Critical path, Float, Long-lead items ইত্যাদি বিবেচনা করে প্রকল্প ব্যবস্থাপনার বিভিন্ন সফটওয়্যার, যেমন: MS-Project, Primavera ইত্যাদি ব্যবহার করে ঠিকাদার কর্তৃক একটি ডিটেইল্ড ওয়ার্ক সিডিউল প্রস্তুত করে দাখিল করতে হবে। এর সাথে Gantt Chart, Bar Chart, CPM (Critical Path Method) Network Diagram ইত্যাদি CMP তে সংযুক্ত থাকতে হবে [পরিশিষ্ট-১ দ্রষ্টব্য]। এগুলো ব্যবহার করে গণপূর্ত অধিদপ্তরের প্রকৌশলীরা প্রকল্পের অগ্রগতি পর্যবেক্ষণ এবং নিয়ন্ত্রণ করবে। এছাড়া যেকোনো বিলম্বিত কাজ পরবর্তীতে নির্দিষ্ট সময়ের মধ্যে শেষ করার জন্য সময়ে সময়ে ওয়ার্ক সিডিউল আপডেট করতে হবে।

৫. সম্পদ (Resource) ব্যবস্থাপনা

সম্পদ ব্যবস্থাপনা বলতে বোঝায় প্রকল্পের জন্য প্রয়োজনীয় জনবল, উপকরণ, যন্ত্রপাতি ও মেশিনারি এবং অর্থ সঠিক সময়ে পরিকল্পনা, সরবরাহ এবং নিয়ন্ত্রণ করা। গুণগত মান বজায় রেখে সময়মতো এবং নির্ধারিত ব্যয়ে প্রকল্পের কাজ যথাযথভাবে সম্পন্ন করার জন্য সম্পদ ব্যবস্থাপনার প্রয়োজন রয়েছে। প্রকল্পের শুরুতে ঠিকাদার কর্তৃক প্রতিটি কাজের জন্য প্রয়োজনীয়/ সংশ্লিষ্ট প্রতিটি সম্পদের পরিমাণ নির্ধারণপূর্বক তালিকা প্রস্তুত করে উপ-বিভাগীয় প্রকৌশলীর নিকট দাখিল করতে হবে। উক্ত তালিকাতে কাজের সময়সূচী অনুযায়ী সম্পদ বরাদ্দ করতে হবে। দৈনিক অগ্রগতির প্রতিবেদন, শ্রমিকদের উপস্থিতির রেজিস্টার, নির্মাণ সামগ্রীর স্টক রেজিস্টার, উপকরণ ও যন্ত্রপাতির লগ বই ইত্যাদি পর্যবেক্ষণের মাধ্যমে উপ-বিভাগীয় প্রকৌশলী কাজের অগ্রগতি পর্যালোচনা করবে। নিম্নে সম্পদ ব্যবস্থাপনার নমুনা তালিকা প্রদান করা হলো, যা প্রকল্পের CMP প্রস্তুত করার সময় অনুসরণ করা যেতে পারে।

৫.১ জনবল ব্যবস্থাপনা (Manpower Plan)

প্রকল্পের কাজ শুরু করার পূর্বেই জনবলের পরিকল্পনা, কাজ অনুযায়ী শ্রমিক নিয়োগ, শ্রমিকদের কাজের সময়সূচী তৈরি, শ্রমিকদের উৎপাদনশীলতা নির্ধারণ, নিরাপত্তা নিশ্চিত করা ইত্যাদি উপ-বিভাগীয় প্রকৌশলীর তত্ত্বাবধানে ঠিকাদার সম্পাদন করবে। এক্ষেত্রে প্রকল্পের কাজের জন্য প্রয়োজনীয় জনবল নিয়োগের পরিকল্পনা CMP তে অন্তর্ভুক্ত থাকতে পারে।

৫.২ যন্ত্রপাতি ও উপকরণ ব্যবস্থাপনা (Tools & Equipment Plan)

নির্মাণ কাজের জন্য ব্যবহৃত যন্ত্রপাতি নির্বাচন, সাইটে আনা (Mobilization), রক্ষণাবেক্ষণ (Maintenance), ব্যবহার পর্যবেক্ষণ ইত্যাদির সমন্বয়ে যন্ত্রপাতি ব্যবহারের লগ বই CMP তে অন্তর্ভুক্ত থাকতে পারে, যা পর্যবেক্ষণের মাধ্যমে যন্ত্রপাতির সঠিক ব্যবহার নিয়ন্ত্রণ করা যায়।

৫.৩ নির্মাণ সামগ্রীর ক্রয় পরিকল্পনা (Material Procurement Plan)

প্রকল্পের কাজ করার জন্য নির্মাণ সামগ্রীর চাহিদা এবং কাজের সময়সূচী অনুযায়ী ঠিকাদারের নির্মাণ সামগ্রীর একটি ক্রয় পরিকল্পনা (Material Procurement Schedule) থাকতে হবে। নির্মাণ সামগ্রী ক্রয়ের পর সাইটে মজুদ করার পূর্বে ম্যাটেরিয়াল টেস্টিং গাইডলাইন অনুযায়ী পরীক্ষা করে নির্বাহী প্রকৌশলীর নিকট থেকে অনুমোদন নিতে হবে। অনুমোদনের পর ঠিকাদার কর্তৃক নির্মাণ সামগ্রী নির্দিষ্ট স্থানে সংরক্ষণ করতে হবে।

৫.৪ সাইট লজিস্টিকস ও ট্রাফিক ব্যবস্থাপনা (Site Logistics & Traffic Management)

প্রকল্পের কাজ শুরু করার পূর্বে সাইটে নির্মাণ সামগ্রী, যন্ত্রপাতি, যেমনঃ excavator, পাইল ড্রাইভার, টাওয়ার ক্রেন, ইত্যাদি কখন সাইটে সরবরাহ করা হবে, কোন পথে আনা হবে, কিভাবে এগুলো ব্যবহার করা হবে, কোথায় সংরক্ষণ করা হবে ইত্যাদি সকল বিষয়াদি উপ-বিভাগীয় অথবা উপ-সহকারী প্রকৌশলীর সাথে পরামর্শপূর্বক ঠিকাদারকে নির্ধারণ করে নিতে হবে যাতে পরবর্তীতে কাজ শুরু হলে কোনো ধরনের সমস্যা সৃষ্টি না হয়।

টেবিল ৪: সম্পদ ব্যবস্থাপনার একটি নমুনা তালিকা

কাজ	প্রয়োজনীয় সম্পদ	মোট পরিমাণ	সময়
Foundation কাজ	Excavator	১ টি	১-৩ মাস
	শ্রমিক	৪০ জন দিন	
	সিমেন্ট	৮০০ ব্যাগ	
RCC কাজ	রড (অদক্ষ শ্রমিক)	৬০ জন দিন	৪-৮ মাস
	শাটারিং (অদক্ষ শ্রমিক)	৬০ জন দিন	
	কংক্রিট মিক্সার	২ টি	
Finishing কাজ	প্লাস্টার শ্রমিক	৪০ জন দিন	৯-১২ মাস
	রং	৪০ জন দিন	

* উপরোক্ত টেবিলটি একটি নমুনা মাত্র। প্রকল্পের ধরণ ও কাজের ভিন্নতা অনুযায়ী তালিকাটি প্রণয়নপূর্বক CMP তে অন্তর্ভুক্ত করতে হবে।

৬. ঝুঁকি ব্যবস্থাপনা

নির্মাণ প্রকল্পের গুণগত মান ও নিরাপদ কর্মপরিবেশ নিশ্চিত করে নির্ধারিত সময় ও বাজেটের মধ্যে কাজ সম্পন্ন করার জন্য নির্মাণ প্রকল্পে সম্ভাব্য ঝুঁকি চিহ্নিত করা, বিশ্লেষণ করা, প্রতিরোধমূলক ব্যবস্থা নেওয়া এবং ঝুঁকি নিয়ন্ত্রণ করা প্রয়োজন। CMP তে প্রকল্পের সম্ভাব্য ঝুঁকি চিহ্নিত করে এর প্রতিরোধমূলক ব্যবস্থা নির্ধারণ করে রাখলে প্রকল্প সময়মত সম্পন্ন করা সম্ভব হয়।

৬.১ ঝুঁকি সনাক্তকরণ

নির্মাণ প্রকল্পের দুর্ঘটনা ও ক্ষয়ক্ষতি কমানোর জন্য প্রকল্পের শুরুতে কাজের প্রতিটি পর্যায়ের ঝুঁকির সম্ভাবনা সনাক্তকরণ পূর্বক এর প্রভাব বিশ্লেষণ করে ঝুঁকির প্রভাব কমানোর জন্য পরিকল্পনা করতে হবে। যেমন: Excavation এর সময় মাটি ধসে পড়া, RCC কাজে শাটারিং ভেঙে পড়া, ইলেক্ট্রিক্যাল কাজে বিদ্যুৎ দুর্ঘটনা ইত্যাদি ঝুঁকির সম্ভাবনা থাকে, যা প্রকল্পের কাজ শুরু হওয়ার পূর্বেই চিহ্নিত করে প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণ করলে সময়মত প্রকল্প বাস্তবায়ন করা সম্ভব হয়।

নির্মাণ প্রকল্পে সাধারণ ঝুঁকির ধরণ

১. প্রযুক্তিগত ঝুঁকি (Technical Risk) : ডিজাইন ত্রুটি, নিম্নমানের নির্মাণ সামগ্রী, নির্মাণ পদ্ধতির ত্রুটি, নির্মাণ নিরাপত্তা সংক্রান্ত ত্রুটি, ইত্যাদি
২. সময়সূচি ঝুঁকি (Time Risk) : শ্রমিকের অভাব, উপকরণ সরবরাহে বিলম্ব, খারাপ আবহাওয়া, প্রশাসনিক বিলম্ব, ইত্যাদি
৩. আর্থিক ঝুঁকি (Financial Risk) : নির্মাণ ব্যয় বৃদ্ধি, বিল পরিশোধে বিলম্ব, বাজারে উপকরণের দাম বৃদ্ধি, ইত্যাদি
৪. নিরাপত্তা ঝুঁকি (Safety Risk) : শ্রমিক দুর্ঘটনা, উচ্চতা থেকে পড়ে যাওয়া, বৈদ্যুতিক দুর্ঘটনা, যন্ত্রপাতি দুর্ঘটনা, ইত্যাদি
৫. পরিবেশগত ঝুঁকি (Environmental Risk): বন্যা, ভূমিকম্প, ভারী বৃষ্টিপাত, ভূমিধস, ইত্যাদি

৬.২ ঝুঁকি প্রতিরোধ ব্যবস্থা

প্রকল্পের ঝুঁকি সনাক্তকরণের পরবর্তীতে শ্রমিকদের নিরাপত্তা বিষয়ক প্রশিক্ষণ, PPE (Personal Protective Equipment) ব্যবহার, বিকল্প নির্মাণ সামগ্রীর সরবরাহকারীর ব্যবস্থা রাখা, নিয়মিত সাইট পরিদর্শন ইত্যাদি প্রতিরোধমূলক কার্যক্রমের মাধ্যমে ঝুঁকি কমানোর জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে। এছাড়া প্রকল্পের কাজের ঝুঁকি নিয়ন্ত্রণ করার জন্য সাইটের সেফটি প্রতিবেদন, ঝুঁকির রেজিস্টার, Inspection চেকলিস্ট ইত্যাদি নিয়মিত প্রতিপালন করতে হবে। নিম্নে Risk Register এর নমুনা তালিকা দেওয়া হলো।

টেবিল ৫: নমুনা Risk Register

ঝুঁকির ID	ঝুঁকির বর্ণনা	সম্ভাবনা	প্রভাব	প্রতিরোধ ব্যবস্থা
R1	শ্রমিক দুর্ঘটনা	মাঝারি	উচ্চ	PPE ব্যবহার
R2	উপকরণ সরবরাহে বিলম্ব	উচ্চ	মাঝারি	বিকল্প সরবরাহকারীর সংস্থান
R3	ভারী বৃষ্টি	মাঝারি	মাঝারি	কাজের সময়সূচি পরিবর্তন ও জনবল সমন্বয়
R4	মাটি ধসে পড়া	কম	উচ্চ	শোরিং ব্যবস্থা ও পর্যবেক্ষণ
R5	shutter/ scaffolding ভেঙে পড়া	মাঝারি	উচ্চ	যথাযথ নকশা ও স্পেসিফিকেশন অনুযায়ী shutter/ scaffolding system নিশ্চিতকরণ
R6	উচ্চতা থেকে পড়ে যাওয়া	কম	উচ্চ	Edge সুরক্ষা, সেফটি নেট
R7	আগুনের ঝুঁকি	কম	উচ্চ	No open wiring, Fire extinguishers
R8	নির্মাণ সামগ্রী চুরি	উচ্চ	মাঝারি	২৪ ঘণ্টা নিরাপত্তা ব্যবস্থা
R9	ইলেক্ট্রিক শক	মাঝারি	মাঝারি	যথাযথ আর্থিং

* উপরোক্ত টেবিলটি একটি নমুনা মাত্র। প্রকল্পের ধরণ ও কাজের ভিন্নতা অনুযায়ী তালিকাটি প্রণয়নপূর্বক CMP তে অন্তর্ভুক্ত করতে হবে।

৭. গুণগত মান নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা

অনুমোদিত নকশা, স্পেসিফিকেশন, কোড এবং চুক্তির শর্ত অনুযায়ী নির্মাণ প্রকল্প সম্পন্ন করা এবং প্রকল্পের প্রতিটি ধাপে গুণগত মান নিশ্চিত করার জন্য CMP তে Quality Control Plan (গুণগত মান নিয়ন্ত্রণ পরিকল্পনা) অন্তর্ভুক্ত করতে হবে। নির্মাণ কাজের গুণগত মান নিশ্চিত করার লক্ষ্যে নিয়মিত সাইট পরিদর্শন, নির্মাণ সামগ্রীর পরীক্ষা, দক্ষ জনবল ব্যবহার, প্রতিদিনের কাজ পর্যবেক্ষণ, নিয়মিত review মিটিং, ট্রেনিং প্রোগ্রাম ও সাইট থেকে feedback গ্রহণ করতে হবে এবং সেই অনুযায়ী গুণগত মান ব্যবস্থাপনার পরিকল্পনা করে প্রকল্পের কাজের ধারাবাহিক উন্নয়ন বজায় রাখতে হবে।

৭.১ পরিদর্শন ও টেস্ট প্ল্যান (Inspection & Test Plan - ITP)

নির্মাণ প্রকল্পের কাজ শুরু করার আগে ম্যাটেরিয়াল টেস্টিং গাইডলাইন [পরিশিষ্ট - ২ দ্রষ্টব্য] অনুযায়ী একটি টেস্ট প্ল্যান প্রস্তুতপূর্বক CMP তে অন্তর্ভুক্ত করতে হবে। প্রকল্প চলাকালীন সময়ে গুণগত মান নিশ্চিতের প্রক্রিয়া যাচাই, উক্ত প্রক্রিয়ার সমস্যা চিহ্নিতকরণ ও এর সমাধান করার জন্য নিয়মিত Quality অডিট করতে হবে। এছাড়া যদি কোনো কাজ বা নির্মাণ সামগ্রী স্পেসিফিকেশন অনুযায়ী না হয় তাহলে সমস্যা বিশ্লেষণপূর্বক সংশোধনমূলক ব্যবস্থা নিতে হবে এবং পুনরায় পরীক্ষা করতে হবে। এক্ষেত্রে একটি Non-conformance report (NCR) তৈরি করে দাখিল করতে হবে। প্রকল্পের বিভিন্ন পর্যায়ে, যেমন – কাজ শুরুর আগে পরিদর্শন, কাজ চলাকালীন পরিদর্শন, কাজ শেষ হলে চূড়ান্ত পরিদর্শন অর্থাৎ প্রতিটি কাজের বিভিন্ন ধাপে পূর্ব নির্ধারিত চেকলিস্ট [পরিশিষ্ট -৩ দ্রষ্টব্য] পূরণ, সাইট পরিদর্শনপূর্বক ছবিসহ পরিদর্শন প্রতিবেদন [পরিশিষ্ট -৫ দ্রষ্টব্য] দাখিল ও উপ-বিভাগীয় প্রকৌশলী কর্তৃক তা সংরক্ষণ করতে হবে।

৭.২ নির্মাণ সামগ্রী টেস্টের প্রক্রিয়া

CMP তে অন্তর্ভুক্ত টেস্ট প্ল্যান অনুযায়ী নির্মাণ সামগ্রী সংশ্লিষ্ট ঠিকাদার কর্তৃক নিয়মিত মাঠ পর্যায়ে ও ল্যাবরেটরিতে টেস্ট করতে হবে এবং টেস্ট রিপোর্ট অনুযায়ী সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী হতে নির্মাণ সামগ্রী অনুমোদন গ্রহণ করে সকল রিপোর্ট ও অন্যান্য সংশ্লিষ্ট তথ্যাদি সংরক্ষণ করতে হবে। কাজের সুবিধার্থে টেস্ট রিপোর্ট হতে প্রাপ্ত তথ্যসমূহ একত্রিত করে সারসংক্ষেপ তালিকা (Quality Control-Test Report Summary) প্রস্তুতপূর্বক সংরক্ষণ করা যেতে পারে। কাঠামোগত নির্মাণসামগ্রীর ক্ষেত্রে সাইটে সম্পাদিত এবং ল্যাবরেটরি টেস্টের রিপোর্টসমূহ সংশ্লিষ্ট ডিজাইন বিভাগে দাখিল ও প্রযোজ্য ক্ষেত্রে ডিজাইন বিভাগের পরামর্শ গ্রহণ করতে হবে। নির্মাণ সামগ্রীর টেস্ট ও পরিদর্শনের বিভিন্ন ক্ষেত্র সমূহ নিম্নে প্রদান করা হলো।

ম্যাটেরিয়াল চেক

- ক. কাঠামোগত নির্মাণ সামগ্রী – সিমেন্ট, বালু, পাথর/ খোয়া, রিবার, ইট ইত্যাদি।
খ. ফিনিশিং ম্যাটেরিয়াল – ব্লক, টাইলস, রঙ, কাঠের কাজ, অ্যালুমিনিয়াম ইত্যাদি।

পরিদর্শন ও টেস্ট প্ল্যান (Inspection & Test Plan - ITP)

- সাইট প্রস্তুতি/ ব্যবস্থাপনা
- নিরাপত্তা সংক্রান্ত
- ডেমোলিশন কাজ
- ফাউন্ডেশন লে-আউট প্রদান
- পাইল ড্রাইভিং কাজ
- মাটি খনন (excavation) কাজ
- কংক্রিটের প্রয়োজনীয় উপকরণ (materials & equipment)
- ফাউন্ডেশন (Footing/ Mat/ Pile cap) ঢালাই
- Column/ Shear Wall ঢালাই
- Beam/ Slab ঢালাই
- Brick work
- টাইলস, রং, দরজা, জানালা ইত্যাদি Finishing work
- Landscaping সংক্রান্ত কাজ
- পানি সরবরাহ ব্যবস্থা
- স্যানিটারি ও ড্রেনেজ ব্যবস্থা
- বৃষ্টির পানি ব্যবস্থাপনা
- বিদ্যুতায়নের (Electrification) কাজ
- Fire Protection ও Detection সংক্রান্ত কাজ

- HVAC সংক্রান্ত কাজ
- Lift/ Escalator সংক্রান্ত কাজ
- সাব-স্টেশন (Sub-Station) স্থাপন সংক্রান্ত কাজ
- কম্পাউন্ড লাইট এবং স্ট্রিট লাইট (Compound Light & Street Light) সংক্রান্ত কাজ

উল্লিখিত ক্ষেত্র সমূহে নিম্নলিখিত frequency অনুযায়ী পরিদর্শন ও পরিশিষ্ট -৩ এ সংযুক্ত চেকলিস্ট সমূহ পূরণ করতে হবে। উক্ত চেকলিস্ট সমূহের মাধ্যমে সংশ্লিষ্ট ঠিকাদার তার কাজের conformance সার্টিফিকেট দাখিল করবে। অর্থাৎ ঠিকাদারের প্রতিনিধি কর্তৃক চেকলিস্ট সমূহের নির্ধারিত স্থানে স্বাক্ষর পূর্বক চেকলিস্টে উল্লিখিত কাজ সমূহ সম্পাদনের নিশ্চয়তা (conformance) প্রদান করতে হবে এবং গণপূর্ত অধিদপ্তর কর্তৃক নিরীক্ষার নিমিত্তে দাখিল করতে হবে। পরবর্তীতে সংশ্লিষ্ট উপ-সহকারী/ উপ-বিভাগীয় প্রকৌশলী কর্তৃক পরিদর্শন এবং সম্পাদিত কাজ সমূহ নিরীক্ষাপূর্বক দাখিলকৃত চেকলিস্ট সমূহ পূরণ, অনুমোদন, সংরক্ষণ এবং পাশাপাশি CMP তে অন্তর্ভুক্ত করতে হবে।

টেবিল ৬ - চেকলিস্ট ব্যবহার নির্দেশনা

চেকলিস্ট		ব্যবহারের সময়	ফ্রিকোয়েন্সি (minimum)	দায়িত্ব
নং	নাম			
১-ক	নকশা সংক্রান্ত চেকলিস্ট	নির্মাণ কাজ শুরুর পূর্বে	প্রয়োজন অনুযায়ী	উঃসঃপ্রঃ/ উঃবিঃপ্রঃ
১-খ	সাইট প্রস্তুতি/ ব্যবস্থাপনা চেকলিস্ট	সাইট প্রস্তুতির পর, নির্মাণ কাজ শুরুর পূর্বে	প্রয়োজন অনুযায়ী	উঃসঃপ্রঃ/ উঃবিঃপ্রঃ
১-গ	নিরাপত্তা সংক্রান্ত চেকলিস্ট	নির্মাণ কাজ শুরুর পূর্বে এবং নির্মাণ কাজ চলাকালীন	ত্রৈমাসিক ভিত্তিতে (বছরে ৪বার)	উঃসঃপ্রঃ/ উঃবিঃপ্রঃ
১-ঘ	ডেমোলিশন কাজ সংক্রান্ত চেকলিস্ট	ভাঙ্গার কাজ শুরুর পূর্বে	প্রয়োজন অনুযায়ী	উঃসঃপ্রঃ/ উঃবিঃপ্রঃ
২-ক	ফাউন্ডেশন লে-আউট প্রদানের চেকলিস্ট	ফাউন্ডেশন লেআউট প্রদানকালীন	প্রয়োজন অনুযায়ী	উঃসঃপ্রঃ/ উঃবিঃপ্রঃ
২-খ (i)	পাইল ড্রাইভিং কাজের চেকলিস্ট: প্রি-কাষ্ট পাইল ড্রাইভিং	পাইল ড্রাইভ শুরুর পূর্বে এবং পাইল ড্রাইভ চলাকালীন	প্রয়োজন অনুযায়ী	উঃসঃপ্রঃ/ উঃবিঃপ্রঃ
২-খ (ii)	পাইল ড্রাইভিং কাজের চেকলিস্ট: কাষ্ট-ইন-সিটু পাইল ড্রাইভিং	পাইল ড্রাইভ শুরুর পূর্বে এবং পাইল ড্রাইভ চলাকালীন	প্রয়োজন অনুযায়ী	উঃসঃপ্রঃ/ উঃবিঃপ্রঃ
২-গ	মাটি খনন (excavation) কাজের চেকলিস্ট	মাটি খনন কাজ চলাকালীন	প্রয়োজন অনুযায়ী	উঃসঃপ্রঃ/ উঃবিঃপ্রঃ
৩-ক	কংক্রিটের প্রয়োজনীয় উপকরণ (materials & equipment) সংক্রান্ত চেকলিস্ট	যেকোন ঢালাই এর পূর্বে	প্রয়োজন অনুযায়ী	উঃসঃপ্রঃ/ উঃবিঃপ্রঃ
৪-ক	ফাউন্ডেশন (Footing/ Mat/ Pile cap) ঢালাই সংক্রান্ত চেকলিস্ট	একটি ফুটিং/ পাইল ক্যাপ গ্রুপ ঢালাই এর পূর্বে	প্রতি গ্রুপের জন্য	উঃসঃপ্রঃ/ উঃবিঃপ্রঃ
৪-খ	Column/ Shear Wall ঢালাই সংক্রান্ত চেকলিস্ট	column/ shear wall এর একটি গ্রুপ ঢালাই এর পূর্বে	প্রতি গ্রুপের জন্য	উঃসঃপ্রঃ/ উঃবিঃপ্রঃ
৪-গ	Beam/ Slab ঢালাই সংক্রান্ত চেকলিস্ট	beam/ slab এর একটি গ্রুপ ঢালাই এর পূর্বে	প্রতি গ্রুপের জন্য	উঃসঃপ্রঃ/ উঃবিঃপ্রঃ
৫-ক	ইটের কাজ (Brick work) সংক্রান্ত চেকলিস্ট	ইটের কাজ সম্পাদনের পূর্বে এবং সম্পাদনকালীন	প্রয়োজন অনুযায়ী	উঃসঃপ্রঃ/ উঃবিঃপ্রঃ
৫-খ	প্লাস্টার (Plaster) কাজ সংক্রান্ত চেকলিস্ট	প্লাস্টার কাজ সম্পাদনের পূর্বে এবং সম্পাদনকালীন	প্রয়োজন অনুযায়ী	উঃসঃপ্রঃ/ উঃবিঃপ্রঃ
৫-গ	আর্দ এলাকায় (Wet area) Waterproofing সংক্রান্ত চেকলিস্ট	টাইলস/ ফ্লোর ফিনিশ সম্পাদনের পূর্বে	প্রয়োজন অনুযায়ী	উঃসঃপ্রঃ/ উঃবিঃপ্রঃ
৫-ঘ	টাইলসের (Tiles) কাজ সংক্রান্ত চেকলিস্ট	টাইলসের কাজ সম্পাদনের পূর্বে এবং সম্পাদনকালীন	প্রয়োজন অনুযায়ী	উঃসঃপ্রঃ/ উঃবিঃপ্রঃ

চেকলিস্ট		ব্যবহারের সময়	ফ্রিকোয়েন্সি (minimum)	দায়িত্ব
নং	নাম			
৫-৬	রঙের (Paint) কাজ সংক্রান্ত চেকলিস্ট	রঙের কাজ সম্পাদনের পূর্বে এবং সম্পাদনকালীন	প্রয়োজন অনুযায়ী	উঃসঃপ্রঃ/ উঃবিঃপ্রঃ
৫-৮	অ্যালুমিনিয়ামের (Aluminium) কাজ সংক্রান্ত চেকলিস্ট	অ্যালুমিনিয়ামের কাজ সম্পাদনের পূর্বে এবং সম্পাদনকালীন	প্রয়োজন অনুযায়ী	উঃসঃপ্রঃ/ উঃবিঃপ্রঃ
৫-৯	কাঠের (Wood work-Door Shutter) কাজ সংক্রান্ত চেকলিস্ট	কাঠের কাজ সম্পাদনের পূর্বে এবং সম্পাদনকালীন	প্রয়োজন অনুযায়ী	উঃসঃপ্রঃ/ উঃবিঃপ্রঃ
৫-জ	রাস্তার কাজ (Road work) সংক্রান্ত চেকলিস্ট	রাস্তার কাজ সম্পাদনের পূর্বে এবং সম্পাদনকালীন	প্রয়োজন অনুযায়ী	উঃসঃপ্রঃ/ উঃবিঃপ্রঃ
৫-ঝ	ল্যান্ডস্কেপিং (Landscaping) এর কাজ সংক্রান্ত চেকলিস্ট	ল্যান্ডস্কেপিং এর কাজ সম্পাদনের পূর্বে এবং সম্পাদনকালীন	প্রয়োজন অনুযায়ী	উঃসঃপ্রঃ/ উঃবিঃপ্রঃ
৬-ক	পানি সরবরাহ ব্যবস্থা সংক্রান্ত চেকলিস্ট	সকল আনুষঙ্গিক কাজ সম্পাদন পূর্বক হস্তান্তরের পূর্বে	প্রয়োজন অনুযায়ী	উঃসঃপ্রঃ/ উঃবিঃপ্রঃ
৬-খ	স্যানিটারি ও ড্রেনেজ ব্যবস্থা সংক্রান্ত চেকলিস্ট	সকল আনুষঙ্গিক কাজ সম্পাদন পূর্বক হস্তান্তরের পূর্বে	প্রয়োজন অনুযায়ী	উঃসঃপ্রঃ/ উঃবিঃপ্রঃ
৬-গ	বৃষ্টির পানি ব্যবস্থাপনা সংক্রান্ত চেকলিস্ট	সকল আনুষঙ্গিক কাজ সম্পাদন পূর্বক হস্তান্তরের পূর্বে	প্রয়োজন অনুযায়ী	উঃসঃপ্রঃ/ উঃবিঃপ্রঃ
৭-ক	বিদ্যুতায়নের (Electrification) কাজ সংক্রান্ত চেকলিস্ট	সকল আনুষঙ্গিক কাজ সম্পাদন পূর্বক হস্তান্তরের পূর্বে	প্রয়োজন অনুযায়ী	উঃসঃপ্রঃ/ উঃবিঃপ্রঃ
৭-খ	Fire Protection ও Detection সংক্রান্ত কাজের চেকলিস্ট	সকল আনুষঙ্গিক কাজ সম্পাদন পূর্বক হস্তান্তরের পূর্বে	প্রয়োজন অনুযায়ী	উঃসঃপ্রঃ/ উঃবিঃপ্রঃ
৭-গ	HVAC সংক্রান্ত কাজের চেকলিস্ট	সকল আনুষঙ্গিক কাজ সম্পাদন পূর্বক হস্তান্তরের পূর্বে	প্রয়োজন অনুযায়ী	উঃসঃপ্রঃ/ উঃবিঃপ্রঃ
৭-ঘ	Lift/ Escalator সংক্রান্ত কাজের চেকলিস্ট	সকল আনুষঙ্গিক কাজ সম্পাদন পূর্বক হস্তান্তরের পূর্বে	প্রয়োজন অনুযায়ী	উঃসঃপ্রঃ/ উঃবিঃপ্রঃ
৭-ঙ	সাব-স্টেশন (Sub-Station) স্থাপন সংক্রান্ত চেকলিস্ট	সকল আনুষঙ্গিক কাজ সম্পাদন পূর্বক হস্তান্তরের পূর্বে	প্রয়োজন অনুযায়ী	উঃসঃপ্রঃ/ উঃবিঃপ্রঃ
৭-চ	কম্পাউন্ড লাইট এবং স্ট্রিট লাইট (Compound Light & Street Light) সংক্রান্ত চেকলিস্ট	সকল আনুষঙ্গিক কাজ সম্পাদন পূর্বক হস্তান্তরের পূর্বে	প্রয়োজন অনুযায়ী	উঃসঃপ্রঃ/ উঃবিঃপ্রঃ

বিঃদ্রঃ উপরিলিখিত তালিকার চেকলিস্ট সমূহ পূরণ পূর্বক এর অনুলিপি নিম্নলিখিত দপ্তরসমূহে আবশ্যিকভাবে সংরক্ষণ করতে হবে।

১. সাইট অফিসে সংরক্ষণ
২. উপ-বিভাগীয় প্রকৌশলীর দপ্তর
৩. নির্বাহী প্রকৌশলীর দপ্তর
৪. PPMS (PWD Project Monitoring System) এর ডাটাবেস

৮. স্বাস্থ্য, নিরাপত্তা ও পরিবেশগত (HSE) ব্যবস্থাপনা পরিকল্পনা

CMP তে স্বাস্থ্য, নিরাপত্তা ও পরিবেশগত (HSE) ব্যবস্থাপনা পরিকল্পনা অন্তর্ভুক্ত থাকলে নির্মাণ কাজের সময় শ্রমিক, প্রকৌশলী, দর্শনার্থী এবং আশেপাশের জনগণের জন্য নিরাপদ, স্বাস্থ্যসম্মত ও পরিবেশবান্ধব কর্মপরিবেশ নিশ্চিত করা সম্ভব হয়। প্রকল্পের কাজের সময় কর্মক্ষেত্রে দুর্ঘটনা ও আঘাত কমানো, শ্রমিকদের স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিতকরণ, পরিবেশ দূষণ হ্রাসকরণ, নিরাপদ কাজের পরিবেশ প্রস্তুতকরণ এবং নিরাপত্তা নীতিমালা অনুসরণ ইত্যাদি নিশ্চিত করার লক্ষ্যে HSE ব্যবস্থাপনা পরিকল্পনার প্রয়োজন হয়। সাইট প্রস্তুতি, খনন কাজ, কাঠামোগত

নির্মাণ, বৈদ্যুতিক ও যান্ত্রিক কাজ ইত্যাদি সংশ্লিষ্ট সার্বিক নিরাপত্তা ব্যবস্থাপনা, নির্মাণ সামগ্রী পরিবহন ও সংরক্ষণ ব্যবস্থাপনা, বর্জ্য ব্যবস্থাপনা ইত্যাদি সকল কাজ HSE ব্যবস্থাপনা পরিকল্পনার আওতাভুক্ত।

৮.১ নিরাপত্তা নীতি এবং প্রয়োজনীয়তা

নির্মাণ প্রকল্পের ক্ষেত্রে CMP তে অন্তর্ভুক্ত নিরাপত্তা নীতিতে প্রচলিত বিধি ও নিরাপত্তা নির্দেশিকা অনুসরণ করার মাধ্যমে সাইটের দুর্ঘটনা ও আঘাত প্রতিরোধ, সেফটি ডিলের মাধ্যমে সকল কর্মীর নিরাপত্তা সচেতনতা বৃদ্ধি, পরিবেশবান্ধব নির্মাণ কার্যক্রম পরিচালনা করা ইত্যাদি বিষয়গুলো নির্ধারণপূর্বক নিরাপদ ও স্বাস্থ্যকর কর্মপরিবেশ সৃষ্টি করা সম্ভব হয়। নির্দিষ্ট সেফটি গাইডলাইন [পরিশিষ্ট -৪ দ্রষ্টব্য] অনুযায়ী ঠিকাদারকে সাইটের নিরাপদ কর্মপরিবেশ নিশ্চিত করতে হবে এবং উপ-বিভাগীয় প্রকৌশলী তা নিয়মিত পর্যবেক্ষণপূর্বক প্রতিবেদন দাখিল করবে। সাইটে নির্বাহী প্রকৌশলী কর্তৃক সাইট পরিদর্শনসহ নিয়মিত Safety Meeting এবং সেফটি চেকলিস্ট অনুসরণপূর্বক নিয়মিত Safety Audit পরিচালনা করতে হবে। এছাড়া সাইটে নিয়মিত সেফটি ডিল করে প্রতিবেদন দাখিল করতে হবে। [নমুনা সেফটি ডিল প্রতিবেদন: পরিশিষ্ট -৫ দ্রষ্টব্য]

সাইট নিরাপত্তা ব্যবস্থা

- সাধারণ নিরাপত্তা নির্দেশনা: সেফটি ট্রেনিং এবং সেফটি ব্রিফিং প্রদান; বিপজ্জনক এলাকা ঘেরা এবং অনুমতি ছাড়া বিপজ্জনক এলাকায় প্রবেশ নিষিদ্ধকরণ; সতর্কতা নির্দেশনামূলক সাইনবোর্ড; সাইটে সঠিক আলোর ব্যবস্থা; জরুরি নির্গমন পথ (Emergency exit)।
- ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম : সাইটে প্রবেশের সময় দর্শনার্থীদের এবং কাজের সময় শ্রমিকদের জন্য PPE (হেলমেট, গ্লাভস, সেফটি বেল্ট, সেফটি গগলস, সেফটি বুটস) ব্যবহার বাধ্যতামূলক; জরুরি চিকিৎসা ব্যবস্থা।
- কাজের নিরাপত্তা ব্যবস্থা : উচ্চতায় কাজ (Work at Height) – নিরাপদ Scaffolding, গার্ড রেল ও সেফটি নেট ব্যবহার।
খনন কাজ (Excavation Work) – খননের চারপাশে নিরাপত্তা ব্যারিকেড প্রদান; মাটি ধসে পড়া রোধে শোরিং/ প্যালাসাইডিং ইত্যাদি ব্যবহার; সাইটে সতর্কতা চিহ্ন বসানো।
সিঁড়ি এবং ছাদের নির্মাণ কাজ (Stair & Slab Casting Work) – সিঁড়ি এবং ছাদের চারপাশে safety রশি/ wire, গার্ড রেল ব্যবহার।
বৈদ্যুতিক কাজ (Electrical Work) – প্রশিক্ষিত ইলেকট্রিশিয়ান কর্তৃক কাজ সম্পন্নকরণ; লাইভ তার ঢেকে রাখা; সঠিক আর্থিং ব্যবস্থা গ্রহণ।
যন্ত্রপাতি নিরাপত্তা (Equipment Safety) – যন্ত্রপাতি ব্যবহারের আগে নিয়মিত পরীক্ষাকরণ; প্রশিক্ষিত অপারেটর কর্তৃক যন্ত্র চালনা; ত্রুটিপূর্ণ যন্ত্রপাতি ব্যবহার পরিহার।
- অগ্নি নিরাপত্তা (Fire Safety) : সাইটে জরুরি অগ্নিনির্বাপন পরিকল্পনা; দাহ্য পদার্থ আলাদা স্থানে সংরক্ষণ।

৮.২ স্বাস্থ্য ও পরিবেশগত পর্যবেক্ষণ

নির্মাণ কার্যক্রম চলাকালীন সময়ে শ্রমিকদের স্বাস্থ্য সুরক্ষা এবং আশেপাশের পরিবেশের উপর সম্ভাব্য ক্ষতিকর প্রভাব পর্যবেক্ষণ ও নিয়ন্ত্রণ করার জন্য CMP তে স্বাস্থ্য ও পরিবেশগত পরিকল্পনা অন্তর্ভুক্ত করতে হবে। এই পরিকল্পনার মাধ্যমে শ্রমিকদের স্বাস্থ্যবিধি, নিরাপত্তা ব্যবস্থা এবং পরিবেশগত মান নিয়মিত পর্যবেক্ষণ করতে হবে এবং প্রয়োজনীয় সংশোধনীয় ব্যবস্থা নিতে হবে। সাইট পরিদর্শন রিপোর্ট, সেফটি চেকলিস্ট ও সেফটি গাইডলাইন ইত্যাদির মাধ্যমে নিয়মিত প্রকল্পের নিরাপত্তা ব্যবস্থা তদারকি করতে হবে।

স্বাস্থ্য সুরক্ষার জন্য ব্যবস্থা:

- স্বাস্থ্য পরীক্ষা : শ্রমিকদের নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা; অসুস্থ শ্রমিকদের দ্রুত চিকিৎসা নিশ্চিতকরণ।
- বিশুদ্ধ পানির ব্যবস্থা : শ্রমিকদের জন্য নিরাপদ পানীয় জলের ব্যবস্থা; পানির উৎস নিয়মিত পরিষ্কারকরণ।
- স্যানিটেশন সুবিধা : পর্যাপ্ত টয়লেট ও হাত ধোয়ার ব্যবস্থা; সাইট নিয়মিত পরিষ্কারকরণ।
- প্রাথমিক চিকিৎসা : সাইটে First Aid Box এর ব্যবস্থা; প্রশিক্ষিত কর্মী দ্বারা প্রাথমিক চিকিৎসা প্রদান।

পরিবেশ সুরক্ষার জন্য ব্যবস্থা:

- বায়ু দূষণ (Air Quality Monitoring) : ধূলা নিয়ন্ত্রণের জন্য সাইটে নিয়মিত পানি ছিটানো; নির্মাণ সামগ্রী ঢেকে পরিবহন ও সংরক্ষণ; অতিরিক্ত ধূলা সৃষ্টি হলে তা নিয়ন্ত্রণমূলক কার্যক্রম গ্রহণ।
- শব্দ দূষণ (Noise Monitoring) : সাইটের Noise level নিয়মিত পরিমাপ করা; ভারী যন্ত্রপাতি ব্যবহারের সময় শব্দের মাত্রা নিয়ন্ত্রণ; প্রয়োজন হলে শব্দ নিরোধক ব্যবস্থা গ্রহণ; যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ; রাতে নির্মাণ কাজ চলাকালীন সময়ে বিশেষ শব্দনিরোধক ব্যবস্থা গ্রহণ।
- পানি দূষণ (Water Monitoring) : নির্মাণ বর্জ্য পানিতে না ফেলা; ড্রেনেজ ব্যবস্থা পর্যবেক্ষণ; রাসায়নিক পদার্থের (যদি থাকে) লিকেজ পরীক্ষাকরণ।
- মাটি দূষণ (Soil Monitoring) : তেল বা রাসায়নিক মাটিতে পড়লে তাৎক্ষণিক পরিষ্কার করা; মাটি ক্ষয় রোধে ব্যবস্থা গ্রহণ।
- নির্মাণ বর্জ্য ব্যবস্থাপনা (Construction Waste Management) : নির্মাণ বর্জ্য আলাদা করে সংগ্রহ; পুনর্ব্যবহারযোগ্য উপকরণ পুনর্ব্যবহার; নির্ধারিত স্থানে বর্জ্য অপসারণ; আশেপাশের ডেন ও জলাশয় রক্ষা।

৮.৩ জরুরি প্রতিক্রিয়া পরিকল্পনা (Emergency Response Plan)

নির্মাণ প্রকল্পে নিরাপদ কর্মপরিবেশ এবং জীবন ও সম্পদের নিরাপত্তা নিশ্চিত করতে সাইটে কোনো দুর্ঘটনা, অগ্নিকাণ্ড বা প্রাকৃতিক দুর্যোগ ঘটলে দ্রুত ও কার্যকরভাবে পরিস্থিতি মোকাবিলা করার লক্ষ্যে CMP তে জরুরি প্রতিক্রিয়া পরিকল্পনা অন্তর্ভুক্ত করতে হবে। নির্মাণ সাইটে অগ্নিকাণ্ড, শ্রমিকদের দুর্ঘটনা বা গুরুতর আঘাত, বৈদ্যুতিক শর্ট সার্কিট, নির্মাণাধীন ভবন বা স্ক্যাফোল্ডিং ধসে পড়া, গ্যাস বা রাসায়নিক লিকেজ, প্রাকৃতিক দুর্যোগ (ঝড়, বৃষ্টি, ভূমিকম্প) ইত্যাদি দুর্ঘটনার সৃষ্টি হতে পারে। নির্মাণ কাজ শুরুর পূর্বে প্রকল্পের জরুরি প্রতিক্রিয়া পরিকল্পনা ও জরুরি Evacuation পরিকল্পনা থাকলে এরকম পরিস্থিতিতে দ্রুত ব্যবস্থা গ্রহণ, আহত ব্যক্তিদের দ্রুত উদ্ধার ও চিকিৎসা নিশ্চিত, দুর্ঘটনার ক্ষতি কমানো, শ্রমিকদের নিরাপদ স্থানে সরিয়ে নেওয়া এবং জরুরি সেবা সংস্থার সাথে সমন্বয়সাধন সম্ভব হয়। যেকোনো দুর্ঘটনা ঘটলে সাথে সাথে কাজ বন্ধ করে দিয়ে সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিকে অবহিত করে দুর্ঘটনার তদন্ত করে দুর্ঘটনা প্রতিবেদন দাখিল করতে হবে এবং ভবিষ্যতে প্রতিরোধের ব্যবস্থা নিতে হবে।

জরুরি প্রতিক্রিয়া পদ্ধতি (Emergency Response System)

- তাৎক্ষণিকভাবে কাজ বন্ধ করা এবং সতর্কীকরণ অ্যালার্ম সিস্টেম চালুকরণ
- সাইটের সবাইকে সতর্ককরণ এবং পূর্ব নির্ধারিত Emergency Exit Route ব্যবহার
- আহত ব্যক্তিকে নিরাপদ স্থানে স্থানান্তর
- প্রাথমিক চিকিৎসা প্রদান, প্রয়োজন হলে নিকটস্থ হাসপাতালে প্রেরণ
- জরুরি contact নম্বরে যোগাযোগ এবং সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্তৃপক্ষকে অবহিতকরণ
- আগুন লাগলে দ্রুত সতর্কতা সংকেত/ সাইরেন/ অ্যালার্ম প্রদান
- বিদ্যমান অগ্নিনির্বাপন ব্যবস্থার তাৎক্ষণিক ও সর্বোত্তম ব্যবহার
- নিয়মিত শ্রমিকদের Emergency Training প্রদান, ফায়ার ড্রিল পরিচালনা ও Evacuation Drill অনুশীলন

৯. আর্থিক ও ব্যয় নিয়ন্ত্রণ

নির্ধারিত বাজেটের মধ্যে প্রকল্পের আর্থিক স্বচ্ছতা এবং গুণগত মান নিশ্চিত করে কাজ সম্পন্ন করার লক্ষ্যে নির্মাণ প্রকল্পের ব্যয় পরিকল্পনা, বাজেট নিয়ন্ত্রণ এবং আর্থিক ব্যবস্থাপনা CMP তে অন্তর্ভুক্ত করতে হবে।

৯.১ বাজেট নিয়ন্ত্রণ

সরকারি অর্থের সঠিক ব্যবহার এবং অপ্রয়োজনীয় ব্যয় হ্রাস করে নির্ধারিত বাজেট অনুযায়ী নির্মাণ প্রকল্প বাস্তবায়ন করার জন্য CMP তে বাজেট নিয়ন্ত্রণ পরিকল্পনা পদ্ধতি অন্তর্ভুক্ত থাকতে হবে। প্রকল্প চলাকালীন সময়ে বাজেটের সাথে প্রকৃত ব্যয় তুলনা করার জন্য কাজের অগ্রগতি

অনুযায়ী মাসিক বা পর্যায়ক্রমিক অর্থ ব্যয় বিশ্লেষণ ও পর্যবেক্ষণ, অতিরিক্ত খরচ হলে তা সনাক্ত ও Variation নিয়ন্ত্রণ, বিল যাচাই ও অনুমোদন ব্যবস্থা পর্যবেক্ষণ ইত্যাদি করতে হবে।

আর্থিক ও ব্যয় নিয়ন্ত্রণের জন্য Cost Reporting

- Approved budget summary
- Cost Breakdown Structure (CBS)
- Cash flow forecast
- Detailed Estimate
- Abstract of Cost
- BOQ quantities
- Payment schedule
- Contingency allocation strategy
- Monthly cost reports
- Variation procedure
- Financial reporting system

৯.২ পেমেন্ট পদ্ধতি

নির্মাণ প্রকল্পে ঠিকাদারকে কাজের অগ্রগতির ভিত্তিতে অর্থ প্রদান করার নির্দিষ্ট নিয়ম বা পদ্ধতি CMP তে অন্তর্ভুক্ত করতে হবে। ঠিকাদার কর্তৃক বাস্তবায়িত কাজ পরিমাপ করে উপ-সহকারি প্রকৌশলী Measurement Book (MB)-এ কাজের পরিমাণ লিপিবদ্ধ করে, পরবর্তীতে উপ-বিভাগীয় প্রকৌশলী কর্তৃক MB নিরীক্ষা করার পর নির্বাহী প্রকৌশলী কর্তৃক অনুমোদন সাপেক্ষে এই পরিমাপের ভিত্তিতে বিল প্রস্তুত করা হয়। প্রকল্প চলাকালীন সময়ে কাজের অগ্রগতির ভিত্তিতে ঠিকাদারকে নির্দিষ্ট সময় পর পর ধাপে ধাপে অর্থ প্রদান করার জন্য Running বিল প্রস্তুত করা হয়। সকল বিল যাচাই ও অনুমোদন সাপেক্ষে নির্বাহী প্রকৌশলী কর্তৃক নির্ধারিত নিয়ম অনুযায়ী ট্যাক্স ও ভ্যাট কর্তন করে ঠিকাদারকে Running বিল প্রদান করতে হবে। এছাড়া অনেক ক্ষেত্রে ডিজাইন বা কাজের পরিমাণ পরিবর্তনের কারণে অতিরিক্ত খরচ যেন নিয়ন্ত্রণে থাকে তা নিশ্চিত করার জন্য সংশোধিত বাজেট প্রস্তুত করে উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক যাচাইপূর্বক Variation Order অনুমোদন নিতে হবে। প্রকল্পের সকল কাজ সম্পন্ন হওয়ার পর Final বিল প্রদান করতে হবে।

৯.৩ অডিট ও স্বচ্ছতা

নির্মাণ প্রকল্পের আর্থিক ও প্রশাসনিক কার্যক্রম সঠিকভাবে পরিচালিত হচ্ছে কিনা অর্থাৎ সরকারি অর্থের সঠিক ব্যবহার নিশ্চিত, অনিয়ম ও দুর্নীতি প্রতিরোধ এবং প্রকল্পের হিসাব যাচাই ইত্যাদির লক্ষ্যে গণপূর্ত অধিদপ্তরের নিজস্ব কর্মকর্তাদের মাধ্যমে এবং সরকারি অডিট সংস্থা দ্বারা প্রকল্পের বিভিন্ন নথি ও আর্থিক কার্যক্রম পরীক্ষা করা হয়। প্রকল্পে স্বচ্ছতা নিশ্চিত করার জন্য সঠিক নথিপত্র, প্রকল্পের কাজের অগ্রগতি প্রতিবেদন, নিয়ম অনুযায়ী সকল টেন্ডার সংশ্লিষ্ট নথিপত্র, বিল ও পেমেন্টের স্বচ্ছ প্রক্রিয়া ইত্যাদি CMP তে অন্তর্ভুক্ত করতে হবে। এছাড়া কাজ শুরুর পূর্বের এবং পরের ছবি/ ভিডিও এর পাশাপাশি কাজ চলাকালীন ছবি/ ভিডিও সংরক্ষণ করতে হবে।

অডিটের জন্য প্রয়োজনীয় নথিপত্র

- Approved detail structural and architectural design
- Approved Estimate
- DPP
- Feasibility study report (where applicable)
- Tender documents
- Notification of Award
- Contract Agreement
- Updated site order book particularly mentioning any especial event like dewatering, major decisions related to cost, time and quality
- Recorded Measurement Book (MB)
- Video/ photographs of all temporary structures Every necessary testing reports

- Updated work plan
- Approved Variation Order
- In case of time extension proper and justified documents of delay.
- Bill and Payment Record
- Project Progress Report

১০. পরিবর্তন ব্যবস্থাপনা প্রক্রিয়া (Change Management Process)

নির্মাণ প্রকল্প চলাকালীন যদি কোনো প্রকার নকশা, কাজের পরিমাণ বা পরিকল্পনায় পরিবর্তন, সাইটের বাস্তব পরিস্থিতির পরিবর্তন, নতুন প্রযুক্তি বা উপকরণ ব্যবহার ইত্যাদি প্রয়োজন হয়, তখন নিয়ম অনুযায়ী পরিবর্তনগুলো অনুমোদন সাপেক্ষে প্রকল্পের কাজ সঠিকভাবে সম্পন্ন করার জন্য পরিবর্তন ব্যবস্থাপনা প্রক্রিয়া CMP তে অন্তর্ভুক্ত করতে হবে। এর মাধ্যমে অপ্রয়োজনীয় পরিবর্তন কমানো, অতিরিক্ত ব্যয় ও সময় নিয়ন্ত্রণ করা সম্ভব হয়।

১০.১ পরিবর্তনের প্রস্তাব এবং অনুমোদন পদ্ধতি (Change request & Approval Process)

প্রকল্পের কাজ চলাকালীন সময়ে কোনো পরিবর্তনের প্রয়োজন হলে পরিবর্তনের কারণ, পরিবর্তনের বিস্তারিত বিবরণ এবং সম্ভাব্য অতিরিক্ত ব্যয় ও সময় ইত্যাদি অন্তর্ভুক্ত করে একটি পরিবর্তনের প্রস্তাব (Change Request) প্রস্তুত করে উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট দাখিল করবে। DoFP অনুযায়ী পরিবর্তনের প্রস্তাব যাচাই করে উর্ধ্বতন কর্তৃপক্ষ অনুমোদন প্রদান করবে।

১০.২ ভেরিয়েশন অর্ডারের পদ্ধতি

নির্মাণ প্রকল্প চলাকালীন সময়ে ডিজাইন পরিবর্তন, সাইটের বাস্তব অবস্থার পরিবর্তন, অতিরিক্ত কাজের প্রয়োজন ইত্যাদি বিভিন্ন কারণে মূল চুক্তির বাইরে অতিরিক্ত কাজ, কাজের পরিবর্তন বা কাজের পরিমাণ হ্রাস/ বৃদ্ধির প্রয়োজন হয়। প্রকল্পের পরিবর্তিত কাজকে অনুমোদন প্রদান, অতিরিক্ত ব্যয় ও সময় নির্ধারণ, চুক্তি অনুযায়ী কাজ পরিচালনা করার লক্ষ্যে ভেরিয়েশন প্রস্তাব প্রস্তুত করে উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট দাখিল করতে হবে। ভেরিয়েশন প্রস্তাবে পরিবর্তনের কারণ, পরিবর্তিত কাজের বিবরণ, অতিরিক্ত ব্যয়ের হিসাব, সম্ভাব্য সময় বৃদ্ধি ইত্যাদি বিষয়াদি অন্তর্ভুক্ত থাকতে হবে। আর্থিক ক্ষমতা অর্পণ (DoFP) অনুযায়ী পরিবর্তনের প্রস্তাব যাচাই করে উর্ধ্বতন কর্তৃপক্ষ ভেরিয়েশন অর্ডার এবং প্রয়োজনে সময় বৃদ্ধির অনুমোদন প্রদান করবে।

প্রয়োজনীয় নথিপত্র

- সংশোধিত/ পরিবর্তিত নকশা
- পরিবর্তিত Estimate
- সকল পরিমাপ বইয়ের ফটোকপি
- নির্ধারিত হুকে দরপত্রভুক্ত আইটেমের হ্রাস-বৃদ্ধির হিসাব
- দরপত্র বহির্ভূত আইটেমের মূল্য নির্ধারণী ছক
- সাইট অর্ডার বুক এর কপি
- পরিবর্তিত Work Schedule

১১. তদারকিকরণ ও Performance নিয়ন্ত্রণ

CMP তে নির্মাণ প্রকল্পের কাজ সময়মত ও নির্ধারিত বাজেটের মধ্যে বাস্তবায়ন, গুণগত মান নিশ্চিতকরণ এবং Work Schedule/ Gantt Chart/ CPM (Critical Path method) অনুযায়ী কাজের অগ্রগতি নিয়মিত তদারকি ইত্যাদি নিয়ন্ত্রণ করার পরিকল্পনা অন্তর্ভুক্ত করতে হবে। এর মাধ্যমে প্রকল্পের সমস্যাগুলো দ্রুত সনাক্ত করে সমাধান করা সম্ভব হয়।

১১.১ অগ্রগতি তদারকিকরণ পদ্ধতি

নির্মাণকাজের গুণগত মান নিশ্চিত করার লক্ষ্যে নির্মাণের বিভিন্ন পর্যায়ে দায়িত্বপ্রাপ্ত প্রকৌশলী কর্তৃক সাইট পরিদর্শন এবং সম্পাদিত কাজ তদারকি করা আবশ্যিক। নির্মাণ প্রকল্পের কাজ শুরু করার আগে পরিদর্শন, কাজ চলাকালীন পরিদর্শন, কাজ শেষ হলে চূড়ান্ত পরিদর্শন অর্থাৎ প্রতিটি কাজের বিভিন্ন ধাপে সাইট পরিদর্শনপূর্বক উপ-বিভাগীয় প্রকৌশলী কর্তৃক প্রস্তুতকৃত পরিদর্শন প্রতিবেদন সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীর অফিসে দাখিল ও সংরক্ষণ করতে হবে। গুণগত মান নিশ্চিত করে দ্রুততার সাথে নির্মাণ কাজ বাস্তবায়নের লক্ষ্যে কাজের শুরুতে সাইট

পরিদর্শনের টাইম-শিডিউল তৈরিপূর্বক নিয়মিত সম্পাদিত কাজ নিরীক্ষা ও তদারকি করতে হবে। নিয়মিত সাইট পরিদর্শনের মাধ্যমে সাপ্তাহিক সভার কার্যবিবরণী, ছবিসহ মাসিক অগ্রগতি প্রতিবেদন [পরিশিষ্ট – ৫ দৃষ্টব্য] ইত্যাদি প্রদান এবং সংরক্ষণ করতে হবে। এছাড়া নির্মাণ সামগ্রী ও কাজের মান পরীক্ষা এবং Specification অনুযায়ী কাজ হচ্ছে কি না তা যাচাই করার জন্য উপ-বিভাগীয় প্রকৌশলী প্রয়োজনীয় সকল চেকলিস্ট পূরণ করে পূরণকৃত চেকলিস্ট ছবিসহ পরিদর্শন প্রতিবেদন নির্বাহী প্রকৌশলীকে দাখিল করবে। দাখিলকৃত ITP অনুযায়ী সকল নথিপত্র, চেকলিস্ট ইত্যাদি সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী ও উর্ধ্বতন কর্তৃপক্ষ নিয়মিত তদারকি করবে। এছাড়া সাইটে Safety Rules মেনে শ্রমিকদের নিরাপত্তা ব্যবস্থা এবং কাজের নিরাপদ পরিবেশ নিশ্চিত হচ্ছে কিনা তা নিয়মিত তদারকি করতে হবে।

পর্যবেক্ষণের বিষয়সমূহ

- কাজের অগ্রগতি (Progress Monitoring)
- গুণগত মান পর্যবেক্ষণ (Quality Monitoring)
- ব্যয় পর্যবেক্ষণ (Cost Monitoring)
- নিরাপত্তা পর্যবেক্ষণ (Safety Monitoring)

১১.২ অগ্রগতি পর্যালোচনা

সাইট থেকে পাওয়া তথ্যের ভিত্তিতে কাজের অগ্রগতি পরিমাপ করতে হবে, অর্থাৎ প্রকল্পের মোট কাজের কতটুকু সম্পন্ন হয়েছে এবং পরিকল্পিত অগ্রগতি ও বাস্তব অগ্রগতি তুলনা করে প্রকল্পের অগ্রগতি বিশ্লেষণ করতে হবে। নির্মাণ কাজ সময়সূচি অনুযায়ী হচ্ছে কিনা, কোন কাজ বিলম্বিত হলে তার কারণ, যেমন: নির্মাণ সামগ্রী সংকট, আবহাওয়ার সমস্যা, শ্রমিক সমস্যা, নকশার পরিবর্তন ইত্যাদি সনাক্তকরণ পূর্বক সমাধান করতে হবে। সাইটে সকলের সাথে সমন্বয়পূর্বক সংশ্লিষ্ট প্রকল্প সার্কেলের নেতৃত্বে প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট অন্যান্য stakeholder দের সমন্বয়ে মাসিক Progress Review Meeting করে কাজের অগ্রগতি পর্যালোচনা, সমস্যা সনাক্তকরণ এবং সিদ্ধান্ত গ্রহণ করতে হবে। যদি নির্মাণ কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে না পারে তবে নতুন করে Schedule বা Action Plan প্রস্তুত করে অনুমোদন গ্রহণ পূর্বক অতিরিক্ত শ্রমিক বা যন্ত্রপাতি ব্যবহারের মাধ্যমে বা কাজের সময় বৃদ্ধি করে কাজটি সম্পন্ন করতে হবে।

১২. ডকুমেন্টেশন ও রেকর্ড সংরক্ষণ

নির্মাণ প্রকল্পের সব তথ্য, নথি ও কার্যক্রম সঠিকভাবে লিখিত ও ডিজিটাল আকারে সংরক্ষণ, কাজের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ, ভবিষ্যতের রেফারেন্স হিসেবে ব্যবহার, অডিট ও পরিদর্শনের সময় তথ্য প্রদান করা, আইনি প্রয়োজন পূরণ ইত্যাদির জন্য CMP তে ডকুমেন্টেশন ও রেকর্ড সংরক্ষণ একটি গুরুত্বপূর্ণ অংশ।

গুরুত্বপূর্ণ ডকুমেন্টসমূহ

- নকশা ও পরিকল্পনা বিষয়ক ডকুমেন্টস : অনুমোদিত সাইট প্ল্যান, ডিজিটাল সার্ভে, অনুমোদিত স্থাপত্য নকশা, অনুমোদিত কাঠামোগত নকশা, অনুমোদিত MEP ও অন্যান্য নকশা, নকশা রেজিস্টার
- সাইট রেকর্ড ও অগ্রগতি সংক্রান্ত নথি : সাইট অর্ডার বুক, মাসিক অগ্রগতি প্রতিবেদন, কন্সট্রাকশন চেকলিস্ট, Material Approval Sheet
- আর্থিক নথি : মেজারমেন্ট বুক (MB), Running বিল, Final বিল
- গুণগত মান সংক্রান্ত নথি : Material Test Report, Site Inspection রেজিস্টার, পরিদর্শন প্রতিবেদন, Quality Control Report, Quality audit report, Non-Conformance Report (NCR), Safety Report

১৩. প্রকল্প সমাপ্তিকরণ (Project Completion)

প্রকল্পের নির্মাণ কাজ শেষ হওয়ার পর প্রকল্পের সব প্রশাসনিক, আর্থিক এবং প্রযুক্তিগত কার্যক্রম সম্পন্ন করে প্রকল্পের সমাপ্তি ঘোষণা করতে হবে। প্রকল্পের সংশ্লিষ্ট প্রকৌশলী কর্তৃক Final Inspection করার সময় সব কাজ চুক্তি অনুযায়ী সম্পন্ন হয়েছে কিনা তা নিশ্চিতকরণ, সব কাজের চূড়ান্ত পরিমাপ, পূর্বে প্রদত্ত অর্থের হিসাব, চূড়ান্ত হিসাব সম্পন্নকরণ, নথিপত্র যাচাই ও সংরক্ষণ, সকল যন্ত্রপাতি ও সিস্টেম পরীক্ষণ,

সাইট পরিষ্কার ইত্যাদি কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করে প্রকল্প সম্পূর্ণভাবে বন্ধ করতে হবে। কাজ সম্পূর্ণ হলে ঠিকাদারকে আর্থিক বিধি অনুযায়ী Final Bill প্রদান এবং প্রত্যাশী সংস্থার নিকট প্রকল্প হস্তান্তর করতে হবে।

১৩.১ Commissioning এবং প্রকল্প হস্তান্তর

নির্মাণ কাজ সম্পন্ন হলে নির্মিত ভবন বা অবকাঠামোর সব যন্ত্রপাতি ও সিস্টেম পরীক্ষা করে এর কার্যকারিতা নিশ্চিত এবং ব্যবহারের জন্য প্রত্যাশী সংস্থার নিকট প্রকল্প হস্তান্তরের মাধ্যমে প্রকল্প সমাপ্ত করতে হবে। প্রকল্প শুরুর পূর্বেই নির্মাণ কাজ বাস্তবায়নের পরে কি কি পরীক্ষা করতে হবে, যেমন: বিদ্যুৎ ব্যবস্থা, পানি সরবরাহ ব্যবস্থা, স্যানিটেশন ব্যবস্থা, যান্ত্রিক বা অন্যান্য সিস্টেম ইত্যাদি পরীক্ষণ প্রক্রিয়া CMP তে অন্তর্ভুক্ত করতে হবে। যদি কোনো নির্মাণজনিত ত্রুটি বা সমস্যা পাওয়া যায়, তাহলে ঠিকাদার কর্তৃক সংশোধন করা হবে। সব পরীক্ষা সম্পন্ন করার পর কাজ সন্তোষজনক হলে প্রকল্পটি প্রত্যাশী সংস্থার কাছে হস্তান্তর করতে হবে।

Testing & Commissioning plan

- Generator & Substation Test
- Lift inspection & Elevator load testing
- Fire system full-scale simulation
- HVAC balancing and testing
- Water pressure testing
- Integrated system commissioning
- MEP testing procedures
- Water pressure testing
- Fire pump testing
- Electrical Insulation Test
- CCTV and Conference system Test


প্রকল্প হস্তান্তরের সময় প্রয়োজনীয় নথিপত্র

- As-built drawings
- Material Test Reports
- Completion Certificate
- Operation & Maintenance (O&M) manuals
- Warranty Certificates
- Handover Certificate
- Completed Project Summary
- Inventory List

১৪. উপসংহার

নির্মাণ প্রকল্পগুলো কার্যকরভাবে পরিচালনার জন্য CMP একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং অপরিহার্য ব্যবস্থাপনা পদ্ধতি। এর সঠিক প্রয়োগের মাধ্যমে অবকাঠামো উন্নয়ন কার্যক্রম আরও দক্ষ, স্বচ্ছ এবং টেকসইভাবে বাস্তবায়ন করা সম্ভব। এর মাধ্যমে কাজের গুণগত মান নিশ্চিত করে নির্মাণ কাজ সঠিক পদ্ধতিগতভাবে পরিকল্পনা, ব্যয় নিয়ন্ত্রণ, সময় ব্যবস্থাপনা এবং পরিচালনাপূর্বক নির্মাণ প্রকল্পকে সফলভাবে সম্পন্ন করা সম্ভব হয়।

১৫. CMP প্রণয়নের ফ্লো-চার্ট



পরিশিষ্ট – ১

নমুনা Work Schedule/ Gantt chart


পরিশিষ্ট - ১: নমুনা Work Schedule/ Gantt chart



Smample of WORK SCHEDULE

Project Name: Retrofitting Construction of Bangladesh Meteorological Department Headquarter

Building Name:





Smapple of MONTHLY WORK SCHEDULE

Project Name: Retrofitting Construction of Bangladesh Meteorological Department Headquarter

Building Name:

Month: January 2020

	Quality	2020																														
		January																														
		1	2	3	4	5	6	7	8	9	10	11	12	13	14	15	16	17	18	19	20	21	22	23	24	25	26	27	28	29	30	31
Wed	Thu	Fri	Sat	Sun	Mon	Tues	Wed	Thu	Fri	Sat	Sun	Mon	Tues	Wed	Thu	Fri	Sat	Sun	Mon	Tues	Wed	Thu	Fri	Sat	Sun	Mon	Tues	Wed	Thu	Fri		
1. Preparation Works																																
(1) Site Layout																																
(2) Utility & Others Connection Shifting																																
(3) Scaffolding & others preparation Works																																
2. Dismantling & Demolishing Work																																
(1) Dismantling work Ground Floor																																
(2) Stripping Plaster & Surface Preparation																																
3. Excavation & Shore Protection Work																																
(1) Excavation																																
(2) Shore Protection (Brick Works)																																
4. Sub-Structure Works																																
(1) Epoxy Anchoring																																
(2) Re-bar works (Shear Wall & Beam)																																
(3) Shuttering Work (Shear Wall & Beam)																																
(4) Concrete Pouring Work																																
(5) Backfilling																																
4.1 Sub-Structure Works (Grade Beam)																																
(1) Epoxy Anchoring																																
(2) Re-bar & Shutter Works (Grade Beam)																																
(3) Concrete Pouring Work																																




Smample of OVERALL PROGRESS

Project Name: Retrofitting Construction of Bangladesh Meteorological Department Headquarter

Building Name:

Duration (Year): 2020

Comparison result between Schedule and Actual Progress



পরিশিষ্ট – ২
ম্যাটেরিয়াল টেস্টিং গাইডলাইন

পরিশিষ্ট - ২: ম্যাটেরিয়াল টেস্টিং গাইডলাইন

১. Material টেস্ট এবং টেস্টের ন্যূনতম Frequency

টেকসই এবং নিরাপদ কাঠামো নির্মাণের ক্ষেত্রে গুণগতমান নিশ্চিত করার লক্ষ্যে Material এর টেস্ট করা আবশ্যিক। নির্মাণকাজে ব্যবহৃত Material টেস্টের জন্য স্যাম্পল সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীর তত্ত্বাবধানে ঠিকাদার কর্তৃক সংগ্রহ করতে হবে। ঠিকাদার কর্তৃক সঠিক পদ্ধতিতে Material টেস্ট এর জন্য স্যাম্পল সংগ্রহ করে গ্রহণযোগ্য টেস্টিং ল্যাবরেটরিতে পাঠাতে হবে এবং টেস্টের রিপোর্ট সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীর অফিসে জমা দিতে হবে। নির্মাণ কাজের গুণগতমান নিশ্চিত করে দ্রুততার সাথে প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে কাজের শুরুতে নিম্নবর্ণিত গাইডলাইন অনুযায়ী Material টেস্টের টাইম-শিডিউল তৈরিপূর্বক নির্মাণকাজে ব্যবহৃত নির্মাণসামগ্রী পরীক্ষা করতে হবে। সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী নিম্নবর্ণিত Material টেস্ট ব্যতীত প্রয়োজনে/ প্রয়োজ্য ক্ষেত্রে অন্যান্য টেস্ট অন্তর্ভুক্ত করবে।

Table: Tests of Engineering Materials

SL	ITEM NAME	TEST NAME	TEST METHOD/ CODE	TESTING FREQUENCY	REMARKS
01	Cement	Compressive Strength (3, 7, 28 days)	BDS EN-197-1, CEM-I 52.5N, CEM-II 42.5N	For each lot of a particular brand not exceeding 25 tons (500 bags), at least 3 (three) samples collected randomly selected shall be tested.	
		Setting time: Initial & Final			
		Fineness		Once per brand	
		Soundness			
02	Fine Aggregate	Sieve Analysis	BDS 233: 1963 and ASTM C33, ASTM C136	Each day's casting or per 15 cum of concrete whichever provides the greater number of tests.	1. Standard sieves for gradation must be readily available on construction site. 2. Moisture content of the aggregate shall be checked before using of the aggregate. 3. If the contractor proposes to change the source of supply of aggregates, samples from the new source shall similarly be tested.
		Water absorption			
		Specific gravity	ASTM C70, C128, C566		
		Surface Moisture			

SL	ITEM NAME	TEST NAME	TEST METHOD/ CODE	TESTING FREQUENCY	REMARKS
03	Coarse Aggregate	Sieve Analysis	BDS 233: 1963 and ASTM C33, ASTM C136	Each day's casting or per 15 cum of concrete whichever provides the greater number of tests.	1. Standard sieves for gradation must be readily available on construction site. 2. Moisture content of the aggregate shall be checked before using of the aggregate. 3. If the contractor proposes to change the source of supply of aggregates, samples from the new source shall similarly be tested.
		Water absorption			
		Specific gravity			
		Aggregate crushing value			
04	Concrete	Compressive Strength Test	ASTM C109/ 109M	7 days strength: *At least one set for 1. Once a day. 2. 60 cum of concrete. 3. 250 sqm surface area * At least 03 sets for a project. 28 days strength: *At least one set for 1. Once a day. 2. 60 cum of concrete 3. 250 sqm surface area * At least 03 sets for a project.	1. One set means three 100 mm x 200 mm cylinders. 2. 28 days test shall be used as a basis for acceptance of concrete. 07 days tests are made to obtain advance information on the adequacy of strength development. 3. If total volume < 20 cum no test is required.
		Slump test at field	ASTM C143/ C143M	1. As frequently as required by the Engineer-in-charge. 2. The minimum is one test at the commencement of each casting, one per hour of casting and one each time a strength test specimen is taken.	


SL	ITEM NAME	TEST NAME	TEST METHOD/ CODE	TESTING FREQUENCY	REMARKS
05	Rebar	TENSILE STRENGTH TESTS:	BDS ISO 6935-2:2016/ ASTM A615	For consignment of each size of M.S. bar not exceeding 10 tons, 3 (three) representative samples of each size of M.S. bar shall be tested.	
		a) Yield Strength			
		b) Ultimate Strength			
		c) % Elongation			
		Bend/ Re-bend test	BDS ISO 15630-1:2012		
06	Bricks	Compressive strength	BDS 208: :2009	1. At least 10 (ten) individual brick shall be selected for lots of 1,000,000 brick or fraction thereof. 2. For larger lots, five additional specimens shall be selected from each additional 500,000 brick or fraction thereof.	1. Out of 10 samples, 05 samples should be tested for compressive strength and remaining 05 for water absorption test. 2. All 10 samples should be tested for efflorescence and Dimension and unit weight test.
		Water absorption			
		Efflorescence			
		Dimension and unit weight			
07	Tiles (Floor & Wall)	Modulus of rupture	BDS ISO 10545-4/ ASTM C648 – 04	For each 2000 nos. of tiles, A set of 05 tiles shall be tested.	
		Water absorption	BDS ISO 10545-3	For each 2000 nos. of tiles, A set of 05 tiles shall be tested	


SL	ITEM NAME	TEST NAME	TEST METHOD/ CODE	TESTING FREQUENCY	REMARKS
08	Concrete Solid Block	Compressive strength	BDS EN 772-1/ ASTM C140 – 03	1. A sample of 06 blocks shall be selected from each lot of 10,000 units or fraction thereof. 2. If 10,000 unit < lot size < 100,000 unit, then 12 units shall be selected. 3. If lot size > 100,000, then 06 units shall be selected from each 50,000 units or fraction thereof contained in the lot.	1. Out of 06 blocks, 03 should be tested for compressive strength and remaining 03 for water absorption test. 2. All 06 blocks should be tested for Dimension measurement test.
		Water absorption	BDS EN 772-11/ ASTM C140 – 03		
		Dimension measurement	BDS EN 772-16/ ASTM C140 – 03		
09	Concrete hollow block	Compressive strength	BDS EN 772-1/ ASTM C140 – 03	1. A sample of 06 blocks shall be selected from each lot of 10,000 units or fraction thereof. 2. If 10,000 units < lot size < 100,000 units, then 12 units shall be selected. 3. If lot size > 100,000, then 06 units shall be selected from each 50,000 units or fraction thereof contained in the lot.	1. Out of 06 blocks, 03 should be tested for compressive strength and remaining 03 for water absorption test. 2. All 06 blocks should be tested for Dimension measurement test.
		Water absorption	BDS EN 772-11/ ASTM C140 – 03		
		Dimension measurement	BDS EN 772-16/ ASTM C140 – 03		

২. Material টেস্টের ফলাফল এবং টেস্ট রেকর্ডঃ

- ✓ নির্মাণসামগ্রীর সমস্ত টেস্টের ফলাফলের সকল রেকর্ড রক্ষণাবেক্ষণ করতে হবে যা সংশ্লিষ্ট প্রকৌশলী দ্বারা যে কোনো সময় নিরীক্ষা করা হবে।
- ✓ সমস্ত Material টেস্টের ফলাফল নির্দিষ্ট ফর্মে সংরক্ষণ করতে হবে যাতে টেস্ট স্যাম্পলের অবস্থান, স্যাম্পল গ্রহণের তারিখ এবং টেস্টের তারিখ স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
- ✓ নির্মাণ সাইটে এবং সংশ্লিষ্ট ফিল্ড অফিসে সকল Material টেস্টের ফলাফলের কপি যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।

পরিশিষ্ট - ২: নির্মাণ কাজ বাস্তবায়নকালীন সাইটে নিরাপত্তা বিধান এবং নির্মাণ কাজে ব্যবহৃত ম্যাটেরিয়ালসমূহের গুণগতমান সংক্রান্ত ফ্লো-চার্ট





নোট-১ (কনক্রিট এর কাজের সময় লক্ষ্যণীয় বিষয়)

- ✓ কনক্রিট মিশ্রণের ৩০ মিনিট থেকে ৪৫ মিনিটের মধ্যেই তা ঢালাইয়ের কাজে ব্যবহার করে ফেলতে হবে।
- ✓ কমপক্ষে ০৭ দিন পর্যন্ত কিউরিং করতে হবে (বিএনবিসি ২০২০, অনুচ্ছেদ ৫.১১)। কিউরিং এর সময় ঢালাই পৃষ্ঠতল চট দ্বারা আবৃত করে রাখতে হবে।
- ✓ ছাদ ঢালাই হয়ে গেলে ১৮ থেকে ২৪ ঘণ্টার মধ্যে ছোট ছোট Dyke তৈরি করে Ponding করতে হবে। এভাবে ছাদ ঢালাইয়ের পর ২১ দিন পর্যন্ত কিউরিং করতে হবে।
- ✓ ঢালাই শক্ত না হওয়া পর্যন্ত সাটার খোলা যাবে না।
- ✓ ঢালাইয়ের সময় দীর্ঘক্ষণ ধরে ভাইব্রেটর ব্যবহার করা যাবে না।
- ✓ ছাদ ঢালাইয়ের পূর্বে ক্রিয়ার কাভার নিশ্চিত করতে সঠিক মাপের ব্লক ব্যবহার করতে হবে।
- ✓ ঢালাইয়ের পর কনক্রিটের পৃষ্ঠে ক্র্যাক দেখা গেলে তা সিমেন্ট গ্রাউটিং এর মাধ্যমে সাথে সাথে মেরামত করতে হবে।
- ✓ ১.৫ মিটার বা ৫ ফুটের বেশি উপর থেকে কনক্রিট ফেলা যাবে না।
- ✓ ৫ ফুটের অধিক উচ্চতার কলাম বা ওয়াল ঢালাইয়ের ক্ষেত্রে স্পেশাল ড্রিমি পাইপ/ ব্যুম পাম্প ব্যবহার করতে হবে।

নোট-২ (ব্রিকওয়ার্ক এর সময় লক্ষ্যণীয় বিষয়)

- ✓ কাজ শুরুর আগে ইটগুলোকে ২৪ ঘণ্টা পর্যন্ত চৌবাচ্চার অভ্যন্তরে পরিষ্কার পানিতে ডুবিয়ে রাখতে হবে এবং ভালভাবে পরিষ্কার করে এরপর ব্যবহার করতে হবে। সলিড ব্লকের ক্ষেত্রে ২ থেকে ৩ দিন পানিতে ভিজিয়ে রাখতে হবে।
- ✓ ইট গাঁথার সময় গাঁথুনি সোজা রাখার জন্য প্রত্যেকবার সূতা এবং শল দেখে নিতে হবে।
- ✓ কোন নির্দিষ্ট উদ্দেশ্য না থাকলে ইংলিশ বন্ডে গাঁথুনি করা ভাল।
- ✓ ইটের জোড়াগুলো ইটের সিলমোহর উপরে রেখে মসলাদ্বারা পূর্ণ করা উচিত।
- ✓ জোড়ায় মর্টারের পুরুত্ব ১০ মিমি এর বেশী যেন না যায় সেদিকে লক্ষ্য রাখতে হবে।
- ✓ জোড়াগুলোর মধ্যে যেন কোন ফাঁক না থাকে, প্রয়োজনে মশলা দ্বারা পূর্ণ করে সমতল করা অত্যাবশ্যকীয়।
- ✓ ইটকে আন্তে আন্তে সম্পূর্ণ বেডের উপর মশলা বিছিয়ে চাপ দিয়ে বসানো উচিত ফলে মশলার সাথে ভাল ভাবে লেগে যায়।
- ✓ একদিনে সর্বোচ্চ ১.৫ মিটারের বেশী গাঁথুনি করা উচিত নয়।
- ✓ দেয়াল সমূহের উল্লম্বতা সঠিক রাখার জন্য কিছুক্ষণ পরপর পাট্টা ও প্লাস বব দিয়ে পরীক্ষা করতে হবে।
- ✓ গাঁথুনি সমাপ্ত হয়ে গেলে ৭ দিন পর্যন্ত কিউরিং করতে হবে।

নোট-৩ (প্লাস্টার এর কাজের সময় লক্ষ্যণীয় বিষয়)

- ✓ প্লাস্টারের কাজে ব্যবহৃত বালুকে পরিষ্কার পানি দিয়ে ধুয়ে অপদ্রব্যমুক্ত করে এরপর ব্যবহার করতে হবে।
- ✓ প্লাস্টার স্থাপনের পূর্বে RCC সারফেসের উপর ঝাড়ু দিয়ে সিমেন্ট গ্রাউটিং এর প্রলেপ দিতে হবে।
- ✓ প্লাস্টারের কাজে সব সময় নতুন ফোম এবং ফুলের ঝাড়ু ব্যবহার করা উচিত, না হলে প্লাস্টারের গাত্রে দাগ থেকে যায়।
- ✓ প্লাস্টারের পূর্বে দেয়াল বা ঢালাই পৃষ্ঠতল পর্যাপ্ত পানি দিয়ে ভিজিয়ে নিতে হবে, অন্যথায় প্লাস্টার শুকিয়ে গেলে হেয়ার ক্র্যাক দেখা দিতে পারে।
- ✓ মসলা (Mortar) বানানোর পর ১ ঘণ্টার মধ্যে শেষ করে ফেলতে হবে।
- ✓ মসলা (Mortar) নরম হলে আলাদা ভাবে রেশিও অনুপাতে বালি সিমেন্ট মিক্স করে তা নরম মসলার সাথে মেশাতে হবে, কখনোই আলাদা আলাদাভাবে বালি কিংবা সিমেন্ট দেয়া যাবে না।
- ✓ প্লাস্টার শেষে ৭-১৪ দিন পর্যন্ত দিনে কমপক্ষে ০২ বার বিশুদ্ধ পরিষ্কার পানি দিয়ে কিউরিং করতে হবে।
- ✓ মসলা নরম হলে, কিংবা দেওয়াল বেশি আর্দ্র থাকলে ভূরা [ড্রাই মর্টার] ব্যবহার করা যাবে না। এর ফলে পরবর্তীতে প্লাস্টার খসে পড়তে পারে, প্লাস্টারে ফাটল ধরতে পারে, রং করা জন্য ঘষলে কিংবা রং করার পরেও তা বুরবুরে পড়ে যেতে পারে।
- ✓ কোনক্রমেই প্লাস্টারে জয়েন্ট ফেলা যাবে না। এ জন্য পুরো দেওয়ালের প্লাস্টার সব সময়ে এক দিনেই শেষ করে ফেলতে হবে।
- ✓ Plumb bob দিয়ে পৃষ্ঠদেশের উল্লম্বতা যাচাই করতে হবে।
- ✓ Tri Square এর সাহায্যে কলাম বা বিমের কর্নার গুলো ৯০ ডিগ্রিতে আছে কিনা তা পরীক্ষা করতে হবে।
- ✓ লেভেল মাপক যন্ত্র দিয়ে বিমের একদম নিচের প্রান্ত এবং উপরের প্রান্ত একই লেভেলে রয়েছে কিনা তা পরীক্ষা করতে হবে।

টেবিল-১ নির্মাণ কাজে ব্যবহৃত মালামালসমূহের গুণগতমান যাচাইয়ের জন্য প্রয়োজনীয় পরীক্ষাসমূহ				
আইটেম	ল্যাবরেটরিতে পরীক্ষা	মাঠ পর্যায়ের পরীক্ষা	ল্যাবরেটরিতে টেস্টিং ফ্রিকোয়েন্সি	মন্তব্য
সিমেন্ট	<ul style="list-style-type: none"> ✓ Compressive Strength টেস্ট (৩, ৭ ও ২৮ দিন) ✓ Initial and Final Setting Time ✓ F.M. (Fineness Modulus) টেস্ট ✓ Soundness টেস্ট 	<ul style="list-style-type: none"> ✓ সিমেন্টের বস্তুর ভিতর হাত দিলে ঠান্ডা অনুভূত হবে। ✓ এক মুষ্টি সিমেন্ট পানিতে ফেললে ডুবে যাবে। ✓ হাতে মিহি পাউডারের মত অনুভূত হবে। ✓ এক মুষ্টি সিমেন্ট হাতে নিয়ে জড়ো করলে জড়ো হয়ে থাকবে। ✓ এক খন্ড কাঁচের পাতের উপর পোর্টল্যান্ড সিমেন্টের শক্ত পেস্ত (Thick Paste) রেখে পানিতে ২৪ ঘণ্টা ডুবিয়ে রাখলে ফাটল সৃষ্টি হবে না, বরং জমাটবদ্ধ হবে। 	সর্বোচ্চ ৫০০ ব্যাগের ১ লটে কমপক্ষে ০৩ টি স্যাম্পলের জন্য পরীক্ষা	
Aggregates (বালু ও খোয়া)	<ul style="list-style-type: none"> ✓ Aggregate Crushing Value (ACV - খোয়া এর জন্য) ✓ Water Absorption ✓ Specific Gravity ✓ Surface Moisture ✓ Sieve Analysis 	<ul style="list-style-type: none"> ✓ শুকনা বালি এক হাতের তালুতে রেখে অন্য হাতের বৃদ্ধা আঙ্গুলে দিয়ে কয়েকবার ঘষে হাতের বালি ফেলে দিলে মাটির উপস্থিতি বুঝা যাবে। ✓ কাঁচের গ্লাসে ৪ ভাগের এক ভাগ বালি ও তিন ভাগ পানি মিশালে যদি ৩০ সেকেন্ডের মধ্য সব বালি নিচে পড়ে যায় এবং উপরে স্বচ্ছ পানি থাকে তবে বালি ভাল। 	প্রতি ১৫ ঘনমিটার ঢালাইয়ের জন্য ১ টি স্যাম্পল	<ul style="list-style-type: none"> ১। নির্মাণ সাইটে ১ টি সিড সেট রাখা বাধ্যতামূলক। ২। ব্যবহারের পূর্বে আর্দ্রতার পরিমাণ যাচাই করতে হবে। ৩। কন্ট্রাক্টর নতুন স্থান থেকে এগ্রিগেট সরবরাহ করলে আবার টেস্ট করতে হবে।
কনক্রিট	<ul style="list-style-type: none"> ✓ Compressive Strength টেস্ট (৭ ও ২৮ দিন) 	<ul style="list-style-type: none"> ✓ Slump Test 	দিনে ০১ বার কমপক্ষে ৬০ ঘনমিটার ঢালাই অথবা ২৫০ বর্গমিটার ক্ষেত্রফল ঢালাই এর জন্য কমপক্ষে ১ সেট এবং সমগ্র প্রজেক্টের জন্য কমপক্ষে ০৩ সেট	১ সেট অর্থ ০৩ টি ১০০ মিমি X ২০০ মিমি সিলিভার।
রিবার	<ul style="list-style-type: none"> ✓ Tensile Strength Test ✓ Bend/ Rebend Test 	<ul style="list-style-type: none"> ✓ Bend/ Rebend Check 	প্রতি লটে প্রতি সাইজের ১০ টনের স্যাম্পলের জন্য ০৩ টি	
ইট, কংক্রিট সলিড ব্লক	<ul style="list-style-type: none"> ✓ Compressive Strength ✓ Water Absorption ✓ Efflorescence ✓ Soundness Test 	<ul style="list-style-type: none"> ✓ দুইটি ইটকে টি (T) এর মতো করে ধরে ২ মিটার উঁচু থেকে ফেলে দিলে যদি ভেঙে যায়, তাহলে ইটটি ভালো না। যদি ইটটি ভেঙে না যায়, তাহলে ধরতে হবে ইটটি ভালো। ✓ একটি ইটকে ভেঙে টুকরা করা হলে যদি টুকরা গুলোর রঙ দেখতে একই রকম হয়, তবে এটি ভালো ইট আর যদি ভিন্ন রকম হয় তাহলে ভালো না। 	১০,০০,০০০ ইটের ১ টি লট থেকে কমপক্ষে ১০ টি ইট অথবা, ১০,০০০ ব্লকের ১ টি লট থেকে কমপক্ষে ০৬ টি ব্লক।	
টাইলস	Modulus of Rupture and Water Absorption		প্রতি ২০০০ টাইলস থেকে ০৫ টি	

নোট-৪ (ই/এম ও প্লাস্টিং ফিনিসিং এর সময় লক্ষ্যণীয় বিষয়)

- ✓ কনসিস্টেন্ট কন্ট্রোল ওয়্যারিং করার জন্য ছাদে ঢালাইয়ের পূর্বে ফ্যান পয়েন্টের জন্য একটি মাত্র সরু পাইপ (হাফ ইঞ্চির থেকেও সরু মাপের পাইপ) ব্যবহার করতে হবে। পাইপটি ঘরের এক কোণা থেকে ফ্যান পয়েন্ট পর্যন্ত বসাতে হবে। বিমের সমান্তরাল পাইপ ফেলা যাবে না এবং কখনোই কোনো পাইপের দ্বারা রুফ স্ল্যাব দখলিত করা যাবে না।
- ✓ ইলেক্ট্রিক্যাল ও প্লাস্টিং কাজের জন্য কোন অবস্থাতেই বিম এবং কলাম কাটা যাবে না।
- ✓ ইলেক্ট্রোমেকানিক্যাল নকশা অনুযায়ী যথাযথভাবে ক্যাবলসমূহ যথাযথভাবে আর্থাং করতে হবে।
- ✓ দেয়ালের গুড সমূহ ১:২ অনুপাতে সিমেন্ট ও মোটা বালুর মশলা দিয়ে পূরণ করে দিতে হবে। কোনক্রমেই প্লাস্টার বা অন্যান্য ফিনিশিং কাজের পর ইলেক্ট্রিক্যাল কাজের জন্য দেয়ালে গুড করা যাবে না।

নোট-৫ (দরজা, টাইলস, ইন্টেরিয়র ডিজাইন ও অন্যান্য ফিনিশিং এর সময় লক্ষ্যণীয় বিষয়)

- ✓ টাইলসের কাজ শুরুর পূর্বে ভালভাবে ফ্লোর চিপিং করতে হবে। টাইলস স্থাপনের পূর্বে টাইলসমূহ ভালভাবে ভিজিয়ে নিতে হবে।
- ✓ দরজার চৌকাঠ ও পাল্লার গুণগত মান যাচাই করতে হবে। সারি কাঠ ব্যবহার করতে হবে। কাঠের গায়ে ফাটল, পলা থাকতে পারবে না। দরজার পাল্লার পুরুত্ব সর্বনিম্ন ১.৫” হতে হবে। কাঠ সোজা থাকতে হবে।


নোট-৬ (রঙ এর কাজের সময় লক্ষ্যণীয় বিষয়)

- ✓ নতুন দেয়ালে রঙের ক্ষেত্রে প্লাস্টারের গায়ে কয়লা, কাঠ কিংবা কোন পটনশীল পদার্থ থাকলে তা স্ক্রাপ দিয়ে তুলে ফেলতে হবে। সারফেসের উঁচু-নীচু, আঁকাবাঁকা, ছিদ্রতা থাকলে তা সমান করার জন্য ৪০/৬০ নাম্বার স্যান্ড স্টোন [ক্ষেত্রবিশেষে ৮০ নাম্বার] দিয়ে ঘষতে হবে। অতপর অধিক মসনতার জন্য ১২০/১১০ নাম্বার স্যান্ড পেপার/ ওয়াটার পেপার [শিরিশ কাগজ] দিয়ে ঘষে পরিষ্কার করে নিতে হবে, তাতে করে গাত্রের খুলো-বালি, তেল গ্রীজ, ফাঙ্গাস, ছত্রাক ইত্যাদি থাকলে তা দূর হয়ে যাবে।
- ✓ সারফেসে অত্যধিক শ্যাওলা, ছত্রাক, ফাঙ্গাস থাকলে অ্যান্টি- ফাঙ্গাস সলিউশন ব্যবহার করা যেতে পারে।
- ✓ সাধারণত আর.সি.সি বা প্লাস্টার সারফেসের অসমতল পৃষ্ঠকে সমতল বা মসন করার জন্য কিংবা ফাটল বা ত্রুটি থাকলে তা ঢাকার জন্য পুডিং প্রদান করা হয়। এছাড়া পুডিং পেইন্ট ও বেইজের মধ্যে বন্ডিং মাধ্যম হিসেবেও কাজ করে।
- ✓ রং করার আগে সারফেসকে ভাল ভাবে শুকনো, পরিষ্কার ও সমতল করে নিতে হবে। রং করার ক্ষেত্রে আর্দ্রতা অবশ্যই ২০ থেকে ৫০ ভাগের মধ্যে থাকতে হবে।
- ✓ রঙের সাথে প্রয়োজনীয় ও যথাযথ থিনার ছাড়া অন্য কোন কিছু (যেমন চুন, চকপাউডার ইত্যাদি) মেশানো যাবে না।
- ✓ রঙ একটি দাহ্য পদার্থ, রঙ এবং এর আনুসঙ্গিক মালামাল আগুন থেকে দূরে রাখতে হবে। রঙের কাজের সময় ধূমপান করা যাবে না।

পরিশিষ্ট- ৩

মাঠ পর্যায়ে নির্মাণ কাজ বাস্তবায়নের বিভিন্ন পর্যায়ে অনুসরণীয়
চেকলিস্ট

পরিশিষ্ট- ৩: মাঠ পর্যায়ে নির্মাণ কাজ বাস্তবায়নের বিভিন্ন পর্যায়ে অনুসরণীয় চেকলিস্ট



** নির্দেশিত চেকলিস্ট সমূহ মাঠ পর্যায়ের প্রকল্প বাস্তবায়নে নির্মাণ কাজের গুণগত মান নিশ্চিতকরণ এবং তদারকির স্বার্থে সংক্ষিপ্ত আকারে প্রণীত এবং আবশ্যিকভাবে অনুসরণ করতে হবে। এছাড়া নির্মাণ কাজ বাস্তবায়ন পর্যায়ে নিয়মতান্ত্রিক পদ্ধতি অনুসরণ করে গুণগত মান নিশ্চিত করার লক্ষ্যে গণপূর্ত অধিদপ্তর কর্তৃক ইতোমধ্যে স্মারক নম্বরঃ ১৩৮৭, তারিখঃ ০৮/০৩/২০২০ এর মাধ্যমে কম্প্রটোকশন চেকলিস্ট অনুমোদিত হয়েছে, যা স্ট্যান্ডার্ড চেকলিস্ট হিসেবে অনুসরণ করা যেতে পারে।

কম্পিউটার চেকলিস্ট (For Drawing)

১-ক: নকশা সংক্রান্ত (Drawing)		বিষয়: নকশা (Drawing) সংক্রান্ত চেকলিস্ট	
		পৃষ্ঠা	১
		তারিখ	
প্রকল্পের নাম			
ভবনের নাম			
ঠিকাদার			
গণপূর্ত বিভাগ			
গণপূর্ত উপ-বিভাগ			

১-ক: নকশা (Drawing) সংক্রান্ত চেকলিস্ট		
Pass <input type="checkbox"/> / Fail <input type="checkbox"/>	আইটেম	বিবরণ/ সংশোধনী
<input type="checkbox"/>	১. অনুমোদিত সাইট প্ল্যান সংরক্ষণ	
<input type="checkbox"/>	২. অনুমোদিত মাস্টার প্ল্যান সংরক্ষণ	
<input type="checkbox"/>	৩. অনুমোদিত ডিজিটাল সার্ভে রিপোর্ট সংরক্ষণ	
<input type="checkbox"/>	৪. অনুমোদিত স্থাপত্য নকশা সংরক্ষণ	
<input type="checkbox"/>	৫. অনুমোদিত কাঠামোগত নকশা সংরক্ষণ	
<input type="checkbox"/>	৬. অনুমোদিত প্লাস্টিং নকশা সংরক্ষণ	
<input type="checkbox"/>	৭. অনুমোদিত stromwater drainage নকশা সংরক্ষণ	
<input type="checkbox"/>	৮. অনুমোদিত sewer নকশা সংরক্ষণ	
<input type="checkbox"/>	৯. অনুমোদিত internal ইলেকট্রিক্যাল নকশা সংরক্ষণ	
<input type="checkbox"/>	১০. অনুমোদিত external ইলেকট্রো-মেকানিক্যাল নকশা সংরক্ষণ	
<input type="checkbox"/>	১১. অনুমোদিত Fire Detection & Protection নকশা	
<input type="checkbox"/>	১২. অনুমোদিত Medical Gas Pipeline System নকশা (যদি থাকে)	
<input type="checkbox"/>	১৩. অনুমোদিত Stage Light & Sound System, Acoustic নকশা (যদি থাকে)	
<input type="checkbox"/>	১৪. অনুমোদিত Landscaping নকশা সংরক্ষণ	
<input type="checkbox"/>	১৫. working স্থাপত্য নকশা সংরক্ষণ	
<input type="checkbox"/>	১৬. Shop drawing (for doors/ windows/ aluminum/ steel work)	
<input type="checkbox"/>	১৭. সাইটে প্রস্তুতকৃত হাত নকশা	
মন্তব্য (যদি থাকে)		

Conformance সার্টিফিকেট			
নির্মাণ কার্যক্রম শুরুর লক্ষ্যে উপরে উল্লিখিত প্রযোজ্য নকশা সমূহ সংগ্রহ করে সংরক্ষণ করা হয়েছে বলে নিশ্চিত করা হচ্ছে।		গণপূর্ত অধিদপ্তর কর্তৃক যাচাইকরণ	
ঠিকাদারের প্রতিনিধি	উপ-সহকারী প্রকৌশলী	উপ-বিভাগীয় প্রকৌশলী	নির্বাহী প্রকৌশলী
স্বাক্ষর:	স্বাক্ষর:	স্বাক্ষর:	প্রতিস্বাক্ষর:
নাম:	নাম:	নাম:	নাম:
পদবী:	পদবী:	পদবী:	পদবী:


কম্পট্রাকশন চেকলিস্ট (For Site Preparation)

১-খ: সাইট প্রস্তুতি/ ব্যবস্থাপনা (Site Preparation)		বিষয়: সাইট প্রস্তুতি/ ব্যবস্থাপনা (Site Preparation) চেকলিস্ট	
		পৃষ্ঠা	১
		তারিখ	
প্রকল্পের নাম			
ভবনের নাম			
ঠিকাদার			
গণপূর্ত বিভাগ			
গণপূর্ত উপ-বিভাগ			

১-খ: সাইট প্রস্তুতি/ ব্যবস্থাপনা (Site Preparation) চেকলিস্ট		
Pass <input checked="" type="checkbox"/> / Fail <input checked="" type="checkbox"/>	আইটেম	বিবরণ/ সংশোধনী
<input type="checkbox"/>	১. অনুমোদিত সাইট প্ল্যান সংরক্ষণ	
<input type="checkbox"/>	২. সাইট অফিস নির্মাণ	
<input type="checkbox"/>	৩. অস্থায়ী লেবার শেড নির্মাণ	
<input type="checkbox"/>	৪. পর্যাপ্ত পানি সরবরাহ ব্যবস্থা নিশ্চিতকরণ	
<input type="checkbox"/>	৫. অস্থায়ী বিদ্যুৎ সংযোগ নিশ্চিতকরণ	
<input type="checkbox"/>	৬. নির্মাণ সামগ্রী সংরক্ষণের যথাযথ স্থান নির্ধারণ	
<input type="checkbox"/>	৭. বিদ্যমান স্থাপনা অথবা পুকুর/ খাল হতে নির্মাণ স্থল নিরাপদ দূরত্ব নিশ্চিতকরণ	
<input type="checkbox"/>	৮. HFL (Highest Flood Level) অনুযায়ী FGL নির্ধারণ	
<input type="checkbox"/>	৯. নিকটবর্তী জমি সংক্রান্ত সমস্যা (যদি থাকে) সমাধানকরণ	
<input type="checkbox"/>	১০. ওভারহেড বিদ্যুতের তার অপসারণ/ নিষ্ক্রিয়করণ/ সতর্কতা চিহ্ন স্থাপন	
<input type="checkbox"/>	১১. ভূ-গর্ভস্থ পানি/ গ্যাস সরবরাহ পাইপ (যদি থাকে) অপসারণ/ নিষ্ক্রিয়করণ	
<input type="checkbox"/>	১২. সাইটে বিদ্যমান গাছ/ স্থাপনা অপসারণ	
<input type="checkbox"/>	১৩. প্রয়োজনীয় তথ্য সম্বলিত প্রোফাইল বোর্ড স্থাপন	
<input type="checkbox"/>	১৪. সাইট পরিষ্কার ও নির্মাণ কাজের উপযোগীকরণ	
মন্তব্য (যদি থাকে)		

Conformance সার্টিফিকেট উপরে উল্লিখিত সকল কাজ অনুমোদিত নকশা ও স্পেসিফিকেশন অনুযায়ী সম্পন্ন হয়েছে বলে নিশ্চিত করা হচ্ছে।	গণপূর্ত অধিদপ্তর কর্তৃক যাচাইকরণ		
ঠিকাদারের প্রতিনিধি	উপ-সহকারী প্রকৌশলী	উপ-বিভাগীয় প্রকৌশলী	নির্বাহী প্রকৌশলী
স্বাক্ষর:	স্বাক্ষর:	স্বাক্ষর:	প্রতিস্বাক্ষর:
নাম:	নাম:	নাম:	নাম:
পদবী:	পদবী:	পদবী:	পদবী:

কম্প্রোকশন চেকলিস্ট (For Safety)

১-গ: নিরাপত্তা সংক্রান্ত (Safety)		বিষয়: নিরাপত্তা (Safety) সংক্রান্ত চেকলিস্ট	
		পৃষ্ঠা	১
		তারিখ	
প্রকল্পের নাম			
ভবনের নাম			
ঠিকাদার			
গণপূর্ত বিভাগ			
গণপূর্ত উপ-বিভাগ			

১-গ: নিরাপত্তা (Safety) সংক্রান্ত চেকলিস্ট		
Pass <input type="checkbox"/> / Fail <input type="checkbox"/>	আইটেম	বিবরণ/ সংশোধনী
	১. ব্যক্তিগত নিরাপত্তা সংক্রান্তঃ	
<input type="checkbox"/>	i) যথেষ্ট সংখ্যক PPE [হার্ড হেলমেট (বিভিন্ন রঙের), নিরাপত্তা ভেট, নিরাপত্তা বেল্ট, চশমা/ গগলস, মাস্ক, গ্লাভস, জুতো, Ear Muffs] উপকরণ সংরক্ষণ	
<input type="checkbox"/>	ii) পর্যাপ্ত First aid box সংরক্ষণ	
<input type="checkbox"/>	iii) সেফটি ড্রিল সম্পাদন	
<input type="checkbox"/>	iv) সুপেয় পানির সরবরাহ নিশ্চিতকরণ	
<input type="checkbox"/>	v) সাইটে সেফটি নেট, সেফটি ক্যানোপি ও সেফটি ফেন্স স্থাপন	
<input type="checkbox"/>	vi) নিরাপত্তা নির্দেশনা সহ সতর্কতা সাইনবোর্ড স্থাপন	
<input type="checkbox"/>	vii) যথেষ্ট সংখ্যক সকল অগ্নি-নির্বাপক যন্ত্র (Fire Extinguisher) স্থাপন	
<input type="checkbox"/>	২. নিরাপত্তা সরঞ্জাম সমূহ ভালো এবং মজবুত অবস্থায় সংরক্ষণ	
<input type="checkbox"/>	৩. দড়ি, Cable ইত্যাদি ভালো এবং মজবুত অবস্থায় সংরক্ষণ	
	৪. ওভারহেড পাওয়ার লাইন (যদি থাকে)	
<input type="checkbox"/>	i) অপসারণ/ নিষ্ক্রিয়করণ/ সতর্কতা সংকেত স্থাপন	
<input type="checkbox"/>	ii) নির্মাণস্থল হতে ন্যূনতম ২৫ মিটার আনুভূমিক দূরত্ব নিশ্চিতকরণ	
<input type="checkbox"/>	iii) বিদ্যুতায়িত হওয়া প্রতিরোধে যথাযথ ব্যবস্থা গ্রহণ	
মন্তব্য (যদি থাকে)		

Conformance সার্টিফিকেট			
উপরে উল্লিখিত সকল কাজ অনুমোদিত স্পেসিফিকেশন অনুযায়ী সম্পন্ন হয়েছে বলে নিশ্চিত করা হচ্ছে।		গণপূর্ত অধিদপ্তর কর্তৃক যাচাইকরণ	
ঠিকাদারের প্রতিনিধি	উপ-সহকারী প্রকৌশলী	উপ-বিভাগীয় প্রকৌশলী	নির্বাহী প্রকৌশলী
স্বাক্ষর:	স্বাক্ষর:	স্বাক্ষর:	প্রতিস্বাক্ষর:
নাম:	নাম:	নাম:	নাম:
পদবী:	পদবী:	পদবী:	পদবী:


কনস্ট্রাকশন চেকলিস্ট (For Demolition)

১-ঘ: ডেমোলিশন কাজ (Demolition)		বিষয়: ডেমোলিশন (Demolition) কাজ সংক্রান্ত চেকলিস্ট	
		পৃষ্ঠা	১
প্রকল্পের নাম		তারিখ	
ভবনের নাম			
ঠিকাদার			
গণপূর্ত বিভাগ			
গণপূর্ত উপ-বিভাগ			

১-ঘ: ডেমোলিশন (Demolition) কাজ সংক্রান্ত চেকলিস্ট		
Pass <input checked="" type="checkbox"/> / Fail <input checked="" type="checkbox"/>	আইটেম	বিবরণ/ সংশোধনী
<input type="checkbox"/>	১. অনুমোদিত ইঞ্জিনিয়ারিং সার্ভে রিপোর্ট সংরক্ষণ	
<input type="checkbox"/>	২. অনুমোদিত ডেমোলিশন প্ল্যান সংরক্ষণ	
<input type="checkbox"/>	৩. বিদ্যুৎ, পানি ও গ্যাস সরবরাহ সংযোগ বিচ্ছিন্নকরণ	
<input type="checkbox"/>	৪. সকল চিহ্ন, সতর্কতা সংকেত, সুরক্ষা সরঞ্জাম ইত্যাদি যথাস্থানে স্থাপন	
<input type="checkbox"/>	৫. ২০ ফুটের অধিক উচ্চতা হতে বর্জ্য অপসারণের সরঞ্জাম (Chutes) স্থাপন	
<input type="checkbox"/>	৬. বিপজ্জনক পদার্থ/ রাসায়নিক সম্পূর্ণরূপে অপসারণ	
মন্তব্য (যদি থাকে)		

<u>Conformance সার্টিফিকেট</u> উপরে উল্লিখিত সকল কাজ অনুমোদিত স্পেসিফিকেশন অনুযায়ী সম্পন্ন হয়েছে বলে নিশ্চিত করা হচ্ছে।	<u>গণপূর্ত অধিদপ্তর কর্তৃক যাচাইকরণ</u>		
ঠিকাদারের প্রতিনিধি	উপ-সহকারী প্রকৌশলী	উপ-বিভাগীয় প্রকৌশলী	নির্বাহী প্রকৌশলী
স্বাক্ষর:	স্বাক্ষর:	স্বাক্ষর:	প্রতিস্বাক্ষর:
নাম:	নাম:	নাম:	নাম:
পদবী:	পদবী:	পদবী:	পদবী:


কম্পট্রাকশন চেকলিস্ট (For Foundation Layout)

২-ক: ফাউন্ডেশন লে-আউট প্রদান (Foundation Layout)		বিষয়: ফাউন্ডেশন লে-আউট (Foundation Layout) প্রদানের চেকলিস্ট	
		পৃষ্ঠা	১
		তারিখ	
প্রকল্পের নাম			
ভবনের নাম			
ঠিকাদার			
গণপূর্ত বিভাগ			
গণপূর্ত উপ-বিভাগ			

২-ক: ফাউন্ডেশন লে-আউট (Foundation Layout) প্রদানের চেকলিস্ট		
Pass <input checked="" type="checkbox"/> / Fail <input checked="" type="checkbox"/>	আইটেম	বিবরণ/ সংশোধনী
<input type="checkbox"/>	১. অনুমোদিত স্থাপত্য নকশা সাইটে সংরক্ষণ	
<input type="checkbox"/>	২. অনুমোদিত কাঠামোগত নকশা সাইটে সংরক্ষণ	
<input type="checkbox"/>	৩. মৃত্তিকা পরীক্ষার প্রতিবেদন সাইটে সংরক্ষণ	
<input type="checkbox"/>	৪. নির্মাণ পরিকল্পনার চার্ট (Time Frame) সাইটে সংরক্ষণ	
<input type="checkbox"/>	৫. স্থাপত্য ও কাঠামোগত নকশার গ্রিড লাইন সমূহ ক্রস চেককরণ	
<input type="checkbox"/>	৬. পার্শ্বস্থ কলামের ফাউন্ডেশন সীমানা রেখা অথবা সংলগ্ন স্থাপনা অনতিক্রম	
<input type="checkbox"/>	৭. সাইটে উত্তর-দক্ষিণ ও পূর্ব-পশ্চিম দিক যথাযথভাবে নির্দিষ্টকরণ	
<input type="checkbox"/>	৮. সাইটে বেঞ্চ মার্ক/ অস্থায়ী বেঞ্চ মার্ক নির্দিষ্টকরণ	
মন্তব্য (যদি থাকে)		

Conformance সার্টিফিকেট উপরে উল্লিখিত সকল কাজ অনুমোদিত নকশা ও স্পেসিফিকেশন অনুযায়ী সম্পন্ন হয়েছে বলে নিশ্চিত করা হচ্ছে।	গণপূর্ত অধিদপ্তর কর্তৃক যাচাইকরণ		
ঠিকাদারের প্রতিনিধি	উপ-সহকারী প্রকৌশলী	উপ-বিভাগীয় প্রকৌশলী	নির্বাহী প্রকৌশলী
স্বাক্ষর:	স্বাক্ষর:	স্বাক্ষর:	প্রতিস্বাক্ষর:
নাম:	নাম:	নাম:	নাম:
পদবী:	পদবী:	পদবী:	পদবী:


কস্ট্রাকশন চেকলিস্ট (For Pile Driving: Pre-Cast Pile)

২-খ (i): পাইল ড্রাইভিং কাজ (প্ৰি-কাস্ট পাইল) (Pile Driving: Pre-Cast Pile)		বিষয়: পাইল ড্রাইভিং কাজের চেকলিস্ট (প্ৰি-কাস্ট পাইল)	
		পৃষ্ঠা	১
		তারিখ	
প্রকল্পের নাম			
ভবনের নাম			
ঠিকাদার			
গণপূর্ত বিভাগ			
গণপূর্ত উপ-বিভাগ			

২-খ (i): পাইল ড্রাইভিং কাজের চেকলিস্ট (প্ৰি-কাস্ট পাইল)		
Pass <input type="checkbox"/> / Fail <input type="checkbox"/>	আইটেম	বিবরণ/ সংশোধনী
<input type="checkbox"/>	১. টেস্ট পাইলের লোড টেস্ট প্রতিবেদন সাইটে সংরক্ষণ	
<input type="checkbox"/>	২. অনুমোদিত সার্ভিস পাইল লে-আউট ও কাঠামোগত নকশা সংরক্ষণ	
<input type="checkbox"/>	৩. পাইলের ঢালাই এবং কিউরিং যথাযথভাবে সম্পন্নকরণ	
	৪. পাইল ড্রাইভিং:	
<input type="checkbox"/>	i) মৃত্তিকা পরীক্ষার প্রতিবেদন ও কাঠামো নকশা অনুযায়ী pile top level নির্ধারণ	
<input type="checkbox"/>	ii) Pile driving position সমূহ সাইটে সঠিকভাবে চিহ্নিতকরণ	
<input type="checkbox"/>	iii) Pile lifting position রঙের মাধ্যমে সঠিকভাবে চিহ্নিতকরণ এবং এর ব্যবহার নিশ্চিতকরণ	
<input type="checkbox"/>	iv) প্রতিটি পাইল ১'-০" অন্তর দৈর্ঘ্য চিহ্নিতকরণ	
<input type="checkbox"/>	v) পাইল ড্রাইভিং এর verticality নিশ্চিতকরণ	
<input type="checkbox"/>	vi) কাঠামোগত নকশার নির্দেশনা অনুযায়ী পাইল ড্রাইভিং রেকর্ড যথাযথভাবে লিপিবদ্ধকরণ	
<input type="checkbox"/>	vii) সাইটে ফলোয়ার (Follower) এর উপস্থিতি নিশ্চিতকরণ	
<input type="checkbox"/>	viii) পাইল ড্রাইভার, হামারের ওজন, height of fall ইত্যাদি কাঠামোগত নকশার নির্দেশনা অনুযায়ী যথাযথভাবে অনুসরণ	
<input type="checkbox"/>	ix) পাইল জয়েন্টে (যদি থাকে) সংযোগ স্থাপন (splicing) স্পেসিফিকেশন অনুযায়ী যথাযথভাবে সম্পাদন	
<input type="checkbox"/>	x) সকল প্রকার নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিতকরণ	
মন্তব্য (যদি থাকে)		

Conformance সার্টিফিকেট উপরে উল্লিখিত সকল কাজ অনুমোদিত নকশা ও স্পেসিফিকেশন অনুযায়ী সম্পন্ন হয়েছে বলে নিশ্চিত করা হচ্ছে।	গণপূর্ত অধিদপ্তর কর্তৃক যাচাইকরণ		
ঠিকাদারের প্রতিনিধি	উপ-সহকারী প্রকৌশলী	উপ-বিভাগীয় প্রকৌশলী	নির্বাহী প্রকৌশলী
স্বাক্ষর:	স্বাক্ষর:	স্বাক্ষর:	প্রতিস্বাক্ষর:
নাম:	নাম:	নাম:	নাম:
পদবী:	পদবী:	পদবী:	পদবী:


কম্প্রীকশন চেকলিস্ট (For Pile Driving: Cast-in-situ Pile)

২-খ (ii): পাইল ড্রাইভিং কাজ (কাষ্ট-ইন-সিটু পাইল) (Pile Driving: Cast-in-situ Pile)		বিষয়: পাইল ড্রাইভিং কাজের চেকলিস্ট (কাষ্ট-ইন-সিটু পাইল)	
		পৃষ্ঠা	১
		তারিখ	
প্রকল্পের নাম			
ভবনের নাম			
ঠিকাদার			
গণপূর্ত বিভাগ			
গণপূর্ত উপ-বিভাগ			

২-খ (ii): পাইল ড্রাইভিং কাজ (কাষ্ট-ইন-সিটু পাইল)		
Pass <input checked="" type="checkbox"/> / Fail <input checked="" type="checkbox"/>	আইটেম	বিবরণ/ সংশোধনী
<input type="checkbox"/>	১. বোর হোল এবং ট্রিমি কনক্রিটিং সম্পাদনের যন্ত্রপাতি নিরীক্ষা পূর্বক সচল অবস্থা নিশ্চিতকরণ	
	২. সাইট প্রস্তুতি:	
<input type="checkbox"/>	i) Final pile top level নিশ্চিতকরণ	
<input type="checkbox"/>	ii) casting এর verticality নিশ্চিতকরণ	
<input type="checkbox"/>	iii) airlifting অথবা reverse circulation method এর মাধ্যমে বোর হোলের bottom পরিষ্কারকরণ	
	৩. Reinforcement:	
<input type="checkbox"/>	i) Pile cage এর দৈর্ঘ্য এবং বহিঃস্থ diameter নিশ্চিতকরণ	
<input type="checkbox"/>	ii) কাঠামোগত নকশা অনুযায়ী rebar সমূহের arrangement এবং placing নিশ্চিতকরণ	
	৪. Concreting and Flushing:	
<input type="checkbox"/>	i) ট্রিমি পাইপ এবং bore bottom এর মধ্যবর্তী গ্যাপ এর পরিমাপ (সর্বোচ্চ ১৫০ মিমি) নিশ্চিতকরণ	
<input type="checkbox"/>	ii) ট্রিমি পাইপ bottom সদ্য ঢালা কনক্রিটের অভ্যন্তরে (ন্যূনতম ২ মি. গভীরে) অবস্থান নিশ্চিতকরণ	
<input type="checkbox"/>	iii) কনক্রিটের slump test চেক (১২৫ মিমি হতে ১৫০ মিমি)	
<input type="checkbox"/>	iv) Bore bottom এ bentonite solution এর ঘনত্ব নিশ্চিতকরণ (Specific gravity > ১.২৫ হলে কনক্রিট ঢালা বন্ধ করতে হবে)	
<input type="checkbox"/>	v) কাঠামোগত নকশায় প্রদত্ত সকল নির্দেশনা বাস্তবায়ন নিশ্চিতকরণ	
মন্তব্য (যদি থাকে)		

Conformance সার্টিফিকেট উপরে উল্লিখিত সকল কাজ অনুমোদিত নকশা ও স্পেসিফিকেশন অনুযায়ী সম্পন্ন হয়েছে বলে নিশ্চিত করা হচ্ছে।	গণপূর্ত অধিদপ্তর কর্তৃক যাচাইকরণ		
	ঠিকাদারের প্রতিনিধি	উপ-সহকারী প্রকৌশলী	উপ-বিভাগীয় প্রকৌশলী
স্বাক্ষর:	স্বাক্ষর:	স্বাক্ষর:	প্রতিস্বাক্ষর:
নাম:	নাম:	নাম:	নাম:
পদবী:	পদবী:	পদবী:	পদবী:

কস্ট্রাকশন চেকলিস্ট (For Excavation Work)

২-গ: মাটি খনন কাজ (Excavation Work)		বিষয়: মাটি খনন (excavation) কাজের চেকলিস্ট	
		পৃষ্ঠা	১
		তারিখ	
প্রকল্পের নাম			
ভবনের নাম			
ঠিকাদার			
গণপূর্ত বিভাগ			
গণপূর্ত উপ-বিভাগ			
সনাক্তকরণ ID (Footing গ্রুপ)			

২-গ: মাটি খনন (excavation) কাজের চেকলিস্ট		
Pass <input checked="" type="checkbox"/> / Fail <input checked="" type="checkbox"/>	আইটেম	বিবরণ/ সংশোধনী
	১. Excavation কাজের পূর্ব প্রস্তুতি:	
<input type="checkbox"/>	i) R.L. উল্লেখ সহ ডিজিটাল সার্ভে এর কপি সাইটে সংরক্ষণ	
<input type="checkbox"/>	ii) B.M, TBM, FGL, PL ইত্যাদি যথাযথভাবে স্থাপন ও চিহ্নিতকরণ	
<input type="checkbox"/>	iii) Excavation সংলগ্ন স্থাপনায় (যদি থাকে) সম্ভাব্য ঝুঁকি এড়াতে যথাযথ নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ	
<input type="checkbox"/>	২. ইটের গাঁথুনির ছোট স্তম্ভ দ্বারা/ অথবা অন্যভাবে কলাম গ্রিড লাইন নির্দিষ্টকরণ যাতে মাটি কাটার ফলে ক্ষতিগ্রস্ত না হয়	
<input type="checkbox"/>	৩. মাটি ভেঙে আসা রোধে যথাযথ lateral support নিশ্চিতকরণ	
<input type="checkbox"/>	৪. প্যালাসেডিং/ শোর পাইল (যদি থাকে) এর নির্মাণ নিশ্চিতকরণ	
	৫. আকার ও পরিমাপ:	
<input type="checkbox"/>	i) Target depth পর্যন্ত মাটি খনন সম্পন্নকরণ	
<input type="checkbox"/>	ii) Foundation bed যথাযথভাবে level এবং Compact করণ	
<input type="checkbox"/>	iii) Foundation bed এর উপরে sand/ sand-khoa (কাঠামো নকশায় নির্দেশিত প্রযোজ্য ক্ষেত্রে) যথাযথভাবে compact করণ	
<input type="checkbox"/>	iv) Foundation bed হতে অবশিষ্ট বস্তু অপসারণ	
মন্তব্য (যদি থাকে)		

Conformance সার্টিফিকেট উপরে উল্লিখিত সকল কাজ অনুমোদিত নকশা ও স্পেসিফিকেশন অনুযায়ী সম্পন্ন হয়েছে বলে নিশ্চিত করা হচ্ছে।	গণপূর্ত অধিদপ্তর কর্তৃক যাচাইকরণ		
	ঠিকাদারের প্রতিনিধি	উপ-সহকারী প্রকৌশলী	উপ-বিভাগীয় প্রকৌশলী
স্বাক্ষর:	স্বাক্ষর:	স্বাক্ষর:	প্রতিস্বাক্ষর:
নাম:	নাম:	নাম:	নাম:
পদবী:	পদবী:	পদবী:	পদবী:

কন্ক্রিট কেমালিস্ট (For Concreting-Material & Equipment)

৩-ক: কংক্রিটের প্রয়োজনীয় উপকরণ (Concreting-Material & Equipment)		বিষয়: কংক্রিটের প্রয়োজনীয় উপকরণ (materials & equipment) সংক্রান্ত কেমালিস্ট	
		পৃষ্ঠা	১ / ২
		তারিখ	
প্রকল্পের নাম			
ভবনের নাম			
ঠিকাদার			
গণপূর্ত বিভাগ			
গণপূর্ত উপ-বিভাগ			

৩-ক: কংক্রিটের প্রয়োজনীয় উপকরণ (Concreting-Materials & Equipment) সংক্রান্ত কেমালিস্ট		
Pass <input checked="" type="checkbox"/> / Fail <input checked="" type="checkbox"/>	আইটেম	বিবরণ/ সংশোধনী
	১. এগ্রিগেট:	
<input type="checkbox"/>	i) এগ্রিগেট সমূহ (বালু/ পাথর - খোয়া) জৈব এবং ক্ষতিকর পদার্থ মুক্ত নিশ্চিতকরণ	
<input type="checkbox"/>	ii) এগ্রিগেট সমূহের size এবং gradation স্পেসিফিকেশন অনুযায়ী সঠিকতা নিশ্চিতকরণ এবং sieve analysis সম্পাদন	
<input type="checkbox"/>	iii) এগ্রিগেট সমূহ যথাযথ পদ্ধতিতে সংরক্ষণ	
<input type="checkbox"/>	iv) Laboratory test এর জন্য নমুনা প্রেরণ	
	২. Cement:	
<input type="checkbox"/>	i) Cement টাইপ কাঠামো নকশার স্পেসিফিকেশন অনুযায়ী সঠিকতা যাচাইকরণ এবং Laboratory test সম্পাদন	
<input type="checkbox"/>	ii) সিমেন্ট ব্যাগ গুলো যথাযথ উপায়ে সংরক্ষণ (আর্দ্র স্থানে নয়)	
	৩. Reinforcing rebars:	
